কুম্ভয়েচ্চ চতুঃষষ্ট্যা প্রণবার্থমনুস্মরন্নিতি বচনাৎ ষোড়শসংখ্যকং প্রণবং মনসা জপন্ দক্ষিণয়া বায়ুং বিরিচ্য দ্বাত্রিংশৎসংখ্যকং প্রণবং মনসা সমুচ্চরন্ বাময়া বায়ুমাপূর্য্য চতুঃষষ্টিসংখ্যকং প্রণবং মনসা জপন্ তদর্থঞ্চাকারোকারমকারার্দ্ধমাত্রাত্মকসার্দ্ধত্রিবলয়াকারকুণ্ডলিনীরূপং চিদানন্দকন্দঞ্চ মূলাদিব্রহ্মরন্ধ্রান্তমনুস্মরন্ সুষুম্নয়া চিত্তমপি তদেকপ্রণবং কুর্ব্বন্ যাবৎ শ্বাসং কুম্ভয়েৎ। তদুক্তমাচার্য্যৈঃ ষোড়শদ্বিগুণচতুঃষষ্টিমাত্রাণি চ তানি চ ক্রমশঃ। রেচকপূরককুম্ভকভেদৈস্ত্রিবিধঃ প্রভঞ্জনায়ামঃ ইতি প্রাণায়ামপ্রকারঃ।

ক্রমপ্রাপ্তং প্রত্যাহারং নিরূপয়তি ইন্দ্রিয়াণামিত্যাদি। শ্রোত্রাদীনামিন্দ্রিয়াণাং স্বস্ববিষয়েভ্যঃ শব্দাদিভ্যঃ সকাশাৎ পাষাণোপরিপ্রযুক্তপরসত্যাতবৎ প্রত্যাবর্ত্তনং প্রত্যাহারঃ। নন্বিন্দ্রিয়াণাং স্বস্ববিষয়েভ্যো নিবর্ত্তনং প্রত্যাহার-ইত্যুক্তং তন্ন সম্ভবতি শব্দাদিবিষয়াণাং সুখসাধনত্বেন বৈষয়িকসুখব্যতিরিক্তনিরতিশয়ানন্দসদ্ভাবে প্রমাণাভাবাৎ হৈরণ্যগর্ভাত্তমৃতভোগস্যেশ্বরেণাপি ত্যক্তুমশক্যত্বাদিতি চেন্ন মূঢ়ৈঃ কর্ম্মজড়ৈর্ব্বিষয়লম্পটৈস্ত্যক্তুমশক্যত্বেহপি শুদ্ধান্তঃকরণেন সংসারাবিস্থকত্বদর্শিনা বিষয়দোষদর্শনেন তুচ্ছীকৃতশব্দাদিবিষয়প্রপঞ্চেন পুরুষোত্তমেন ত্যক্তুং শক্যত্বাৎ অন্যথা সংসারএব লোলুপ্যেত। তস্মাৎ সন্ন্যাসমেষাং তপসামতিরিক্তমাহুঃ। এতমেব লোকমিচ্ছন্তঃ প্রব্রাজিনঃ প্রব্রজন্তি তৎসর্ব্বং দুঃখহেত্বাস্যং পরিত্যজ্য আত্মানমন্বিচ্ছেৎ ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈকেন অমৃতত্বমানশুঃ ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেৎ বনাদ্বা গৃহাদ্বা। "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। সংসারমেব নিঃসারং দৃষ্ট্বা সারদিদৃক্ষয়া। প্রব্রজন্ত্যকৃতোদ্বাহাঃ পরং বৈরাগ্য-

মাশ্রিতাঃ। প্রত্যগ্বিবিদিষাসিদ্ধ্যৈ বেদানুবচনাদয়ঃ।” ব্রহ্মাব্যাপ্তং শ্রুতত্যাগমীপ্সতীতি শ্রুতের্ব্বলাদিত্যাদিশ্রুতিস্মৃতিভিঃ। তথা আনন্দো ব্রহ্মেতি ব্যজনাৎ এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রা-মুপজীবন্তীতি, এষোঽস্য পরম-আনন্দং আত্মৈবানন্দঃ যদেষ-আনন্দো ন স্যাং আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানীত্যাদিশ্রুতিভিশ্চ মিত্যাত্মসুখস্য প্রতিপাদিতত্বাৎ শব্দাদিবৈষয়িকসুখব্যতিরিক্ত-নিরতিশয়ানন্দসদ্ভাবে প্রমাণাভাবাদিত্যেতদপি নিরস্তং বোদ্ধব্যং। সম্প্রতি ধারণাং লক্ষয়তি অদ্বিতীয়েত্যাদি। সর্ব্বেষাং বুদ্ধিসাক্ষিতয়া বিদ্যমানেঽদ্বিতীয়বস্তুনি চিত্তক্ষেপণং ধারণেত্যর্থঃ। ধারণা-পাটবাভাবেন চিত্তস্থৈর্য্যাভাবাৎ অদ্বিতীয়বস্তুনি বিচ্ছিদ্য চিত্ত-বৃত্তিপ্রবাহীকরণং ধ্যানমিত্যাহ তত্রেত্যাদি। সমাধিরুক্তএব সবিকল্পকঃ স্মর্ত্তব্য-ইত্যাহ সমাধিস্থিতি ॥ ৮০ ॥

এবমস্যাঙ্গিনো নির্ব্বিকল্পকস্য লয়–বিক্ষেপকষায়-রসাস্বাদলক্ষণাশ্চত্বারো বিঘ্নাঃ সম্ভবন্তি। লয়স্তাবৎ। অখণ্ডবস্ত্বনবলম্বনেন চিত্তবৃত্তেনিদ্রা। অখণ্ডবস্ত্বনবল-ম্বনেন চিত্তবৃত্তেরন্যাবলম্বনং বিক্ষেপঃ। লয়বিক্ষেপা-ভাবেঽপি চিত্তবৃত্তেরাগাদিবাসনয়া স্তব্ধীভাবাৎ অখণ্ড-বস্ত্বনবলম্বনং কষায়ঃ। অখণ্ডবস্ত্বনবলম্বনেনাপি চিত্ত-বৃত্তেঃ সবিকল্পানন্দাস্বাদনং রসাস্বাদঃ সমাধ্যারম্ভসময়ে সবিকল্পানন্দাস্বাদনং বা ॥ ৮১ ॥

উক্ত যমাদ্যষ্টাঙ্গসহিত নির্ব্বিকল্পকসমাধের্নির্ব্বিঘ্নানুষ্ঠান-সিদ্ধ্যর্থং বিঘ্নজ্ঞানব্যতিরেকেণ নিরাকরণস্য বক্তুমশক্যত্বাৎ অস্য চতুরো বিঘ্নান্ সন্দর্শয়তি এবমিত্যাদি। তত্রাদ্যং বিঘ্নং লক্ষয়তি লয়-

স্তাববিতি। লয়ো দ্বিবিধঃ চিরকালমুক্তাষ্টাঙ্গসহিতনির্ব্বিকল্পক-সমাধ্যভ্যাসপাটবেনাতিতপ্তলোহতলক্ষিপ্তজলবিন্দুবৎ তৈলরহিত দীপকলিকাবচ্চ প্রত্যগভিন্নে পরমানন্দে চিত্তবৃত্তের্লয়ঃ প্রথমঃ। দ্বিতীয়স্তু মূর্চ্ছাবস্থাবৎ আলস্যেন চিত্তবৃত্তের্ব্বাহ্যশব্দাদিবিষয়-গ্রহণানাদরে সতি প্রত্যগাত্মস্বরূপানবভাসনাৎ বৃত্তেস্তব্ধীভাব-লক্ষণনিদ্রারূপঃ। তত্রাদ্যমঙ্গীকৃত্য দ্বিতীয়স্য বিঘ্নত্বেন তৎ ত্যাগায় তৎস্বরূপমাহ অখণ্ডবস্ত্বিত্যাদি। দ্বিতীয়ং বিঘ্নমাহ অখণ্ডেত্যাদি। অখণ্ডবস্তুগ্রহণায়ান্তর্ম্মুখতয়া প্রবৃত্তায়াশ্চিত্তবৃত্তেশ্চিদনবলম্বনেন ত্রস্তপক্ষিবৎ পুনর্ব্বাহ্যবিষয়গ্রহণায় প্রবৃত্তির্ব্বিক্ষেপঃ ইত্যর্থঃ। তৃতীয়ং বিঘ্নমাহ লয়েত্যাদি। রাগাদয়স্ত্রিবিধাঃ বাহ্যাঃ আভ্যন্তরাঃ বাসনামাত্ররূপাশ্চেতি। বাহ্যাঃ পুত্রাদিবিষয়াঃ। আভ্যন্তরাঃ মনোরাজ্যাদয়ঃ। সংস্কাররূপা বাসনাময়া। তত্রানেকজন্মাভ্যস্তবাহ্যাভ্যন্তররাগাদ্যনুভবজনিতসংস্কারৈঃ কলুষীকৃতং চিত্তং কথঞ্চিৎ শ্রবণাদিসাধনেনান্তর্ম্মুখমপি চৈতন্যগ্রহণসামর্থ্যাভাবাৎ মধ্য এব স্তব্ধীভবতি যথা রাজদর্শনায় স্বগৃহান্নির্গত্য রাজমন্দিরং প্রবিষ্টস্য কস্যচিৎ পুরুষস্য দ্বারপালনিরোধেন স্তব্ধীভাবঃ তথা পরিত্যক্তবাহ্যবিষয়স্য অখণ্ডবস্তুগ্রহণায় প্রবৃত্তস্যোদ্বুদ্ধরাগাদি-সংস্কারৈ স্তব্ধীভাবাদখণ্ডবস্তুগ্রহণং কষায় ইত্যর্থঃ। চতুর্থং বিঘ্নমাহ, অখণ্ডেতি। উক্ত সবিকল্পকসমাধ্যোর্ম্মধ্যে দ্বিতীয়ঃ শব্দানুবিদ্ধ-ত্রিপুটীবিশিষ্টস্তস্মিন্ য-আনন্দো বাহ্যশব্দাদিবিষয়প্রপঞ্চভারত্যাগ-প্রযুক্তো ন তু চৈতন্যপ্রযুক্তঃ যথা নিধিগ্রাহণায় প্রবৃত্তস্য নিধিপরিপালকভূতপ্রেতাদ্যাবৃতস্য নিধিপ্রাপ্ত্যভাবেঽপি ভূতাদ্যনিষ্টনিবৃত্তি-মাত্রেণ কোঽপি মহানানন্দো ভবতি তথা সবিকল্পকসমাধাবখণ্ড-বস্ত্বনবলম্বনেন নিত্যানন্দরসাস্বাদনাভাবেঽপি অনিষ্টবাহ্যপ্রপঞ্চ-

নিবৃত্তিজন্যানন্দং সবিকল্পকরূপং ব্রহ্মানন্দভ্রমেণ স্বাদয়তি তত্র-সাস্বাদনমিত্যর্থঃ। লক্ষণান্তরমাহ, সমাধীত্যাদি। নির্ব্বিকল্পক-সমাধ্যারম্ভকালে অনুভূয়মানসকল্পকানন্দত্যাগাসহিষ্ণুতয়া পুন-স্তস্যৈবাস্বাদনং রসাস্বাদ ইত্যর্থঃ॥ ৮১॥

অনেন বিঘ্নচতুষ্টয়েন রহিতং চিত্তং নির্ব্বাতদীপ-বদচলং সদখণ্ডচৈতন্যমাত্রমবতিষ্ঠতে যদা তদা নির্ব্বিকল্পকঃ সমাধিরিত্যুচ্যতে। তদুক্তং "লয়ে সম্বো-ধয়েৎ চিত্তং বিক্ষিপ্তং শময়েৎ পুনঃ। সকষায়ং তদ্বি-জানীয়াৎ শমপ্রাপ্তং ন চালয়েৎ। নাস্বাদয়েদ্রসং তত্র নিঃসঙ্গঃ প্রজ্ঞয়া ভবেৎ" ইতি। যথা দীপো নিবা-তস্থো নেঙ্গতে ইত্যাদি চ॥ ৮২॥

প্রাগুক্তবিঘ্নচতুষ্টয়নিবৃত্তেঃ ফলমাহ, অনেনেত্যাদি। লয়াদি-বিঘ্নাভাবসহিতং চিত্তং যদা তদা নির্ব্বাতদীপবদচলমখণ্ডচৈতন্য-মাত্রমবতিষ্ঠতে তদা নির্ব্বিকল্পকঃ সমাধিরিত্যর্থঃ। লয়াদিবিঘ্ন-সম্ভাবে তন্নিবৃত্তিপ্রকারে চ বৃদ্ধসম্মতিমাহ, তদুক্তমিত্যাদি। পূর্ব্বোক্তলক্ষণে লয়ে জাতে সতি তন্নিবৃত্ত্যর্থং চিত্তং সম্বোধয়েৎ চিত্তগতজাড্যাদিপরিত্যাগেন চিত্তমুদ্বোধয়েৎ। উক্তবিক্ষেপযুক্তং চিত্তং যদা ভবতি তদা বিষয়ে বৈরাগ্যাদিনা চিত্তং শময়েৎ বহির্ম্মু-খতাং পরিত্যজ্যান্তর্ম্মুখং কুর্য্যাৎ। উক্তরাগাদিকষায়সহিতং চিত্তং যদা ভবেৎ তদা বিজানীয়াৎ ইয়ং রাগাদিবাসনা বাহ্যবিষয়প্রাপিকা ন স্বখণ্ডবস্তুপ্রাপিকা অতো নেয়ং সমীচীনেতি বিবিচ্য প্রত্যক্-প্রবণবাসনায়াঃ সকাশাদিয়ং নিকৃষ্টা অত্যন্তাজ্যেয়মিতি জানীয়া-দিত্যর্থঃ। যদা সম্যগখণ্ডপ্রাপ্তং চিত্তং যদা ভবতি তদা তচ্চিত্তং

কাষায়সহিতং জানীয়াৎ। তচ্চিত্তং যাবতা কালেন রাগাদিবাস-নাক্ষয়সহিতং ভবতি তাবৎ কালং তচ্চিত্তং স্বস্থানাৎ ন কম্পয়েৎ বাসনাক্ষয়ানন্তরং চিত্তঃ স্বতএব প্রত্যক্ প্রবণং ভবতীত্যর্থঃ। নাস্বাদয়েতি পূর্ব্বোক্তং সবিকল্পকরসং বিষয়প্রপঞ্চভারত্যাগজন্তং নাস্বাদয়েৎ নানুভবেৎ। তত্র যুক্তিমাহ, নিঃসঙ্গ ইতি। যতো নিঃসঙ্গো বৈষয়িকসুখদুঃখাদিসঙ্গরহিতঃ অতঃ প্রজ্ঞয়া যুক্তো ভবেৎ স্থিতপ্রজ্ঞো ভবেদিত্যর্থঃ। তদুক্তং "ভগবতা প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্। আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিত-প্রজ্ঞস্তদোচ্যতে" ইতি। তস্মাল্লয়াদিবিঘ্নাভাবশিষ্টচিত্তস্য চিন্মাত্র-তয়াবস্থানং নির্ব্বিকল্পকসমাধিরিত্যর্থঃ। তত্র ভগবদুক্তমাহ, যথে-ত্যাদি। অথ নির্ব্বিকল্পকসমাধৌ স্বগুরূপদিষ্টমার্গেন যথামতি কিঞ্চিদ্বিচার্য্যতে। পঞ্চভূমিকোপেতস্য চিত্তস্য ভূমিকাত্রয়পরি-ত্যাগেনাবশিষ্টভূমিকাদ্বয়ং সমাধিরুচ্যতে। কাস্তাশ্চ ভূমিকাঃ। ক্ষিপ্তং মূঢ়ং বিক্ষিপ্তম্ একাগ্রং নিরুদ্ধঞ্চেতি পঞ্চ চিত্তভূমিকাঃ। তত্রাসুরসম্পল্লোকশাস্ত্রদেহবাসনাসু বর্ত্তমানং ক্ষিপ্তমিত্যুচ্যতে। নিদ্রাতন্দ্রাদিগ্রস্তং চিত্তং মূঢ়মিত্যুচ্যতে। কাদাচিৎকধ্যানযুক্তং বহির্গমনশীলমপি উক্তক্ষিপ্তাদ্বিশিষ্টতয়া বিক্ষিপ্তং চিত্তমুচ্যতে। অত্র ক্ষিপ্তমূঢ়য়োঃ সমাধিশঙ্কৈব নাস্তীতি। বিক্ষিপ্তে তু চেতসি বিক্ষে-পান্তর্গততয়া দহনান্তর্গতবীজবচ্চিত্তস্য সদ্যএব বিনাশাৎ তদাপি ন সমাধিঃ। একাগ্রতাং পতঞ্জলিঃ সূত্রয়তি শান্তোদিতৌ তুল্য-প্রত্যয়ৌ চিত্তস্যৈকাগ্রতাপরিণামঃ ইতি। অস্যার্থঃ শান্তোঽতীতঃ উদিতো বর্ত্তমানঃ প্রত্যয়শ্চিত্তবৃত্তিঃ অতীতপ্রত্যয়োঽয়ং পদার্থং পরিগৃহ্লাতি উদিতোপি তমেব চেদ্গৃহ্নীয়াৎ তদা তাবুভৌ তুল্য-প্রত্যয়ৌ ভবতঃ তাদৃশ এব চিত্তস্য পরিণাম একাগ্রতেত্যুচ্যতে।

একাগ্রতাভিবৃদ্ধিলক্ষণং সমাধিং সূত্রয়তি সর্ব্বার্থতৈকাগ্রতয়োঃ ক্ষয়োদয়ৌ চিত্তস্য পরিণামঃ সমাধিরিতি। রজোগুণেন চাল্যমানং চিত্তং ক্রমেণ সর্ব্বানর্থান্ পরিগৃহ্নাতি তস্য রজোগুণনিরোধায় ক্রিয়মাণেন প্রযত্নবিশেষেণ দিনে দিনে যোগিনঃ সর্ব্বার্থতা ক্ষীয়তে একাগ্রতা চোদেতি তাদৃশচিত্তস্য পরিণামঃ সমাধিরিত্যর্থঃ। তস্য সমাধেরষ্টাঙ্গেষু যমনিয়মাসনপ্রাণায়ামপ্রত্যাহারাঃ পঞ্চ বহিরঙ্গানি হিংসাদিভ্যো নিষিদ্ধেভ্যো যোগিনং কর্ম্মভ্যো যময়ন্তি নিবর্ত্তয়ন্তীত্যহিংসাদয়ো যমাঃ। জন্মহেতোঃ কাম্যধর্ম্মান্নিবর্ত্ত্য মোক্ষহেতৌ নিষ্কামধর্ম্মে নিয়ময়ন্তি প্রেরয়ন্তীতি শৌচাদয়ো নিয়মাঃ। যমনিয়ময়োরনুষ্ঠানবৈলক্ষণ্যং স্মর্য্যতে যমান্ সেবেত সততং ন নিত্যং নিয়মান্ বুধঃ। যমান্ পতত্যকুর্ব্বাণো নিয়মান্ কেবলান্ ভজন্নিতি। বুদ্ধ্যা যমনিয়মৌ সমীক্ষ্য যমবত্নলেষু প্রযত্নেষু বুদ্ধিমনুসন্দধীত। আসনপ্রাণায়ামপ্রত্যাহারাঃ ব্যাখ্যাতাঃ। ধ্যানধারণসমাধিত্রয়ং মনোবিষয়ত্বাৎ সম্প্রজ্ঞাতসমাধেরন্তরঙ্গং যমাদিকস্তু বহিরঙ্গং তথা চ কেনাপি পুণ্যেনান্তরঙ্গে প্রথমং লব্ধে সতি বহিরঙ্গলাভায় নাতিপ্রয়াসঃ কর্ত্তব্যঃ। যদ্যপি পতঞ্জলিনা ভৌতিকভূততন্মাত্রেন্দ্রিয়াহঙ্কারবিষয়াঃ সম্প্রজ্ঞাতসমাধয়ো বহুধা প্রপঞ্চিতাঃ তথাপি তেষামন্তর্দ্ধানাকাশগমনাদিসিদ্ধিহেতুতয়া মুক্তিসমাধিবিরোধিত্বাৎ নাস্মাভিস্তত্রাদরঃ ক্রিয়তে তথা চোক্তং বশিষ্ঠেন। শ্রীরাম-উবাচ—"জীবন্মুক্তশরীরাণাং কথমাত্মবিদাম্বর। শক্তয়ো নেহ দৃশ্যন্তে আকাশগমনাদয়ঃ।" বশিষ্ঠ উবাচ। "অনাত্মবিদমুক্তোঽপি সিদ্ধিজালানি বাঞ্ছতি। দ্রব্যমন্ত্রক্রিয়াকালযুক্ত্যাপ্নোত্যেব রাঘব। নাত্মজ্ঞস্যৈষ বিষয় আত্মজ্ঞো হ্যাত্মনাত্মদৃক্‌ আত্মনাত্মনি সন্তুষ্টো নাবিদ্যামনুধাবতি। যে কেচন জগদ্ভাবাস্তান

বিশ্রামস্থান্ বিদুঃ। কথং তেষু কিলাত্মজ্ঞত্যক্তাবিদো নিমজ্জন্তি। দ্রব্যমন্ত্রক্রিয়াকালযুক্তয়ঃ সাধুসিদ্ধিদাঃ। পরমাত্মপদপ্রাপ্তৌ নোপকুর্বন্তি কাঞ্চনেতি।" আত্মবিষয়স্য সম্প্রজ্ঞাতসমাধিবাসনাক্ষয়স্য নিরোধসমাধেশ্চ হেতুঃ তস্মাত্তত্রাদরঃ কৃতঃ। অথ পঞ্চভূমিকারূপঃ চিত্তস্য নিরোধলক্ষণঃ সমাধির্নিরূপ্যতে। তঞ্চ সমাধিং সূত্রয়তি। ব্যুত্থাননিরোধসংস্কারয়োরভিভবপ্রাদুর্ভাবৌ নিরোধলক্ষণচিত্তান্বয়োর্নিরোধঃ পরিণাম ইতি। ব্যুত্থানসংস্কারাঃ সমাধিবোধিনঃ, তে চ নিরোধহেতুনা যোগিপ্রযত্নেন প্রতিদিনং প্রতিক্ষণঞ্চাভিভূয়ন্তে, তদ্বিরোধিনশ্চ সংস্কারাঃ প্রাদুর্ভবন্তি। তথা সতি নিরোধে একৈকস্মিন্ ক্ষণে চিত্তমনুগচ্ছতি, সোয়মীদৃশচিত্তস্য পরিণামো ভবতি, যদা তদা অসংপ্রজ্ঞাতসমাধিরুচ্যতে ইত্যর্থঃ ॥৮২॥

অথ জীবন্মুক্ত-লক্ষণ-মুচ্যতে। জীবন্মুক্তো নাম স্বস্বরূপাখণ্ড-শুদ্ধব্রহ্ম-জ্ঞানেন তদজ্ঞান-বাধনদ্বারা স্বস্বরূপাখণ্ডে ব্রহ্মণি সাক্ষাৎকৃতে সতি অজ্ঞানতৎকার্যসঞ্চিতকর্মসংশয়বিপর্য্যয়াদীনামপি বাধিতত্বাদখিলবন্ধরহিতো ব্রহ্মনিষ্ঠঃ। "ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে", ইত্যাদি শ্রুতেঃ॥ ৯৩॥

এতৎ সমাধিদ্বয়ং জীবন্মুক্তস্যৈব ভবতি নান্যস্যেতি মনসি নিধায়, প্রথমং জীবন্মুক্তলক্ষণং প্রতিপাদয়িতুং প্রতিজানীতে অথেত্যাদি। তত্র লক্ষণমাহ, জীবন্মুক্তো নামেত্যাদিনা ব্রহ্মনিষ্ঠ ইত্যন্তেন, অখিলবন্ধরহিতো ব্রহ্মনিষ্ঠো জীবন্মুক্ত ইতি, তত্র

লক্ষণং জীবতঃ পুরুষস্য হি কর্তৃত্বভোক্তৃত্বসুখদুঃখলক্ষণোঽখিলো যশ্চিত্তধর্ম্মঃ, স ক্লেশরূপত্বাদ্বন্ধো ভবতি, তেন রহিতঃ পরিত্যক্তবন্ধনঃ ব্রহ্মণি নিষ্ঠা তদেকপরতা যস্য স ব্রহ্মনিষ্ঠঃ জীবন্মুক্ত ইত্যর্থঃ। সকলবন্ধরাহিত্যে হেতুমাহ, অখণ্ডেতি। গুরুশ্রুতিবাক্যভবৈর্ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানেন – মূলাজ্ঞানতৎকার্য্যসঞ্চিতকর্ম্মাদীনামপি বাধিতত্বাৎ সর্ব্ববন্ধরাহিত্যমুৎপদ্যতে ইত্যর্থঃ। অত্র চ শ্রুতিমাহ ভিদ্যত ইত্যাদি ॥ ৮৩ ॥

অয়ন্তু ব্যুত্থানসময়ে, মাংসশোণিতমূত্রপুরীষাদিভাজনেন শরীরেণ, আন্ধ্যমান্দ্যাপটুত্বাদিভাজনেনেন্দ্রিয়গ্রামেণ, অশনায়াপিপাসাশোকমোহাদিভাজনেনান্তঃকরণেন চ, তত্তৎপূর্ব্বপূর্ব্ববাসনয়া ক্রিয়মাণানি কর্ম্মাণি ভুজ্যমানানি জ্ঞানাবিরুদ্ধারব্ধফলানি চ পশ্যন্নপি, বাধিতত্বাৎ পরমার্থতো ন পশ্যতি। যথা ইদমিন্দ্রজালমিতি জ্ঞানবান্, তদিন্দ্রজালং পশ্যন্নপি পরমার্থমিদমিতি ন পশ্যতি। "সচক্ষুরচক্ষুরিব, সকর্ণোঽকর্ণ ইব, সমনা অমনা ইব, সপ্রাণোঽপ্রাণ ইব" ইত্যাদি শ্রুতেঃ। উক্তঞ্চ "সুষুপ্তবজ্জাগ্রতি যো ন পশ্যতি, দ্বয়ঞ্চ পশ্যন্নপি চাদ্বয়ত্বতঃ। তথাপি কুর্ব্বন্নপি নিষ্ক্রিয়শ্চ যঃ, স আত্মবিন্নান্য ইতীহ নিশ্চয়ঃ" ইতি ॥ ৮৪ ॥

ননু জীবন্মুক্তস্য দেহেন্দ্রিয়াদিভানমস্তি ন বা? নেত্যাশঙ্ক্য সর্ব্বপ্রতিভানেন ইন্দ্রজালনির্ম্মিতসৌধসমুদ্রাদিবৎ বাধিতানুবৃত্ত্যা মিথ্যাত্বেন ভানেঽপি পরমার্থতয়া ভানং নেত্যাহ, অয়মিত্যাদিনা।

ন পশ্যতীত্যর্থঃ। অস্মিন্নর্থে শ্রুতিমাহ, সচক্ষুরিত্যাদি। আচার্য্য-
বচনং প্রমাণয়তি উক্তঞ্চেত্যাদি। ইহ [illegible] [illegible], নাস্তি
ইতি যে নিশ্চয়ঃ ইত্যন্বয়ঃ। স চ ইত্যনেনাহ, স ইতি। যঃ
কোঽপি মহাপুরুষো ব্রহ্মাত্মৈকত্বসাক্ষাৎকারেণ নিরস্তসমস্তভেদ-
বুদ্ধিঃ সুষুপ্ত্যবস্থায়াং যথা দ্বৈতং ন পশ্যতি, তথা ব্রহ্মসাক্ষাৎকারেণ
জাগ্রদবস্থায়ামপি দ্বৈতং ন পশ্যতি, তদ্দৃষ্ট্যা ব্রহ্মব্যতিরিক্তজড়-
পদার্থাভাবাৎ স যথোক্তঃ। কিন্তু কদাচিৎ ব্যুত্থান[illegible]
সংস্কারলেশবশাৎ ভিক্ষাটনাদিব্যবহারেণ দ্বৈতং পশ্যন্নপি সমাধ্য-
ভ্যাসসামর্থ্যবশাদদ্বয়মেব পশ্যতি, স চ জীবন্মুক্তঃ। যশ্চ লোক-
সংগ্রহার্থং নিত্যাদিকর্ম্মাণি কুর্ব্বন্নপি আত্মনি কর্তৃত্বাভাবনিশ্চয়েন
নিষ্ক্রিয়ঃ কর্ম্মরহিতো ভবতি, কর্ম্মফলেন ন লিপ্যতে, স জীবন্মুক্তো
নাত্র সংশয়ঃ কর্ত্তব্য ইত্যর্থঃ ॥ ৮৪ ॥

অস্য জ্ঞানাৎ পূর্ব্বং, বিদ্যমানানামেবাহারবিহা-
রাদীনাং অনুবৃত্তিবচ্ছুভবাসনানামেবানুবৃত্তির্ভবতি,
শুভাশুভয়োরৌদাসিন্যং বা। তদুক্তং "বুদ্ধাদ্বৈতসতত্ত্বস্য
যথেষ্টাচরণং যদি। শুনাং তত্ত্বদৃশাঞ্চৈব কো ভেদো-
ঽশুচিভক্ষণে।" ব্রহ্মবিত্ত্বং তথা মুক্ত্বা স আত্মজ্ঞো
নচেতর ইতি ॥ ৮৫ ॥

তদানীমমানিত্বাদীনি জ্ঞান-সাধনান্যদ্বেষ্টৃত্বাদয়ঃ
সদ্গুণাশ্চালঙ্কারবদনুবর্ত্তন্তে। তদুক্তং—"উৎপন্না-
ত্মাববোধস্য হ্যদ্বেষ্টৃত্বাদয়ো গুণাঃ। অযত্নতো ভবন্ত্যস্য
ন তু সাধনরূপিণঃ" ইতি ॥ ৮৬ ॥

ব্রহ্মহত্যাশতানি চ। কুর্ব্বন্নপি ন লিপ্যেত যস্তেকত্বং প্রপশ্যতি। "সভয়াদজয়ং প্রাপ্নোস্ত্বদর্থং যততে চ যঃ। স পুনঃ সকয়ং গন্তুং স্বতন্ত্র-শ্চেন্ন হীয়তি। আরব্ধকর্ম্মণানাবাৎ বুধানামন্যথাত্বথা। বর্ত্তনং তেন শাস্ত্রার্থে বিভ্রান্তব্যং ন পণ্ডিতৈরিত্যাদি।" শ্রুতিস্মৃত্যভিযুক্তবাক্যে-র্বিহিত্যাং যথেষ্টাচরণস্যাঙ্গীকারাদিতি চেৎ সত্যং তেষাং বচনানাং বিদ্বৎস্তুতিপরত্বেন তৎকর্ত্তব্যমিত্যত্র তাৎপর্য্যাভাবাৎ। তদুক্ত-মাচার্য্যৈঃ "অধর্ম্মাজ্জায়তেহজ্ঞানং যথেষ্টাচরণং ততঃ। ধর্ম্মকার্য্যে কথং তৎ স্যাৎ যত্র ধর্ম্মো বিনশ্যতীতি।" নন্বেবমমানিত্বমদাম্ভিত্বম-হিংসাক্ষান্তিরার্জ্জবমিত্যাদিস্মৃত্যুক্তসাধনস্য অদ্বেষ্টা সর্ব্বভূতানামি-ত্যাদিবচনৈঃ প্রতিপাদ্য মানাদ্বেষ্টৃত্বাদিগুণসমূহস্য চ বিদুষা সম্পাদ্যমানত্বশ্রবণাৎ, তেন সহ বিরোধমাশঙ্ক্যমানিত্বাদিসম্পাদ-নস্য চ বিবিদিষাভ্যাসবিষয়ত্বাৎ, বিদ্বদ্বস্তু লক্ষণত্বেনালঙ্কারবদনু-বর্ত্তমানাৎ ন বিরোধ ইত্যাহ, তদানীমিত্যাদি জীবন্মুক্তাবস্থায়া-মিত্যর্থঃ। অস্মিন্নর্থে বার্ত্তিকসম্মতিমাহ। তদুক্তমিত্যাদি। অস্য বিদ্বৎসন্ন্যাসিনো জীবন্মুক্তস্যাদ্বেষ্টৃত্বাদয়ো গুণাঃ অপ্রযত্নেন স্বত এব ভবন্তি, ন তু সাধনরূপিণঃ, তৎ প্রতি তে সাধনরূপাঃ ন ভবন্তি। তত্র হেতুমাহ উৎপন্নেতি। যত উৎপন্ন আত্মাববোধো ব্রহ্মাত্মৈকত্বনিশ্চয়রূপঃ অতএব তে গুণাঃ লক্ষণত্বেনৈব ভবন্তী-ত্যর্থঃ। ইয়তা প্রবন্ধেন প্রতিপাদিতেঽস্মিন্ বেদান্তসারাখ্যেগ্রন্থে, শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যসদানন্দযোগীন্দ্রেণ মহাপুরুষেণ অথ বেদান্তো নামেত্যারভ্য সাধনচতুষ্টয়সম্পন্নস্য প্রমাতুরধিকারিণো মূলাজ্ঞাননিবৃত্তিপরমানন্দপ্রাপ্তিসিদ্ধয়ে, প্রতীয়মানাবিদ্যকসকল-প্রপঞ্চজাতস্য ব্রহ্মণ্যধ্যারোপাপবাদপুরঃসরং সবিস্তরং নিষ্প্রপঞ্চত্বং প্রতিপাদ্য তৎসাধনঞ্চ শ্রবণাদিকং সপ্রপঞ্চমভিধায় তস্যৈবাধি-

কারিণস্তত্ত্বমস্যাদিশ্রবণানন্তরং ব্রহ্মাত্মৈকত্বসাক্ষাৎকারেণ নিরস্ত-সমস্তভেদবুদ্ধের্জীবন্মুক্তত্বং প্রদর্শিতং, এতাবতৈব কার্য্যসিদ্ধিঃ কিং বহু লেখনেনেতি মনসি নির্দ্ধার্য্য, সম্প্রতি অস্যৈব জীবন্মুক্তস্য স্বপ্রকাশাত্মানন্দানুভবৈকনিষ্ঠস্য ভেদপ্রতীত্যভাবেঽপি অবিদ্যা-লেশবশাৎ প্রারব্ধং কর্ম্মভুঞ্জানো, ভিক্ষাটনাদিদেহযাত্রামাত্রায়া বিশিষ্টো ব্রহ্মীভূত এবাবতিষ্ঠতে ইত্যুপসংহরতি, কিং বহুনেত্যা-দিনা। প্রারব্ধং ত্রিবিধং স্বেচ্ছাকৃতং, ভিক্ষাটনাদি সুখাধ্যবহারাং শিষ্যাদিভির্দীয়মানবস্ত্রাদিকং, পরেচ্ছাকৃতং, সমাধ্যবস্থায়াং বা আকাশফলপাতবৎ অকস্মাৎ জায়মানং পাষাণপতনকণ্টকবেধা-দিকমনিচ্ছাকৃতং। স চায়ং জীবন্মুক্তঃ, প্রোক্তত্রিবিধপ্রারব্ধ-প্রাপিতং সুখদুঃখমনুভবন্ বুদ্ধ্যাদিসাক্ষিতয়া সর্ব্বাবভাসকঃ সন্; ভোগেনারব্ধকর্ম্মক্ষয়ে সতি, প্রত্যগভিন্নপরমাত্মনি প্রাণাদিলয়া-নন্তরং প্রণষ্টাবিদ্যকসংস্কারঃ কৃতকৃত্যঃ সন্, গলিতসকলভেদপ্রতি-ভাসো ব্রহ্মৈবাবতিষ্ঠতে ইতি, সকলবেদরহস্যতাৎপর্য্যমিত্যর্থঃ। অয়ং জীবন্মুক্তো, বুদ্ধ্যাদ্যুপাধিবিলয়ে সতি, ঘটাদ্যুপাধিবিনির্মুক্তা-কাশবন্মুক্ত ইত্যুপচারব্যবহারভাগ্ভবতি, বন্ধস্যাপি অবাস্তবত্বাৎ। তদুক্তমাচার্য্যৈঃ "ন নিরোধো ন চোৎপত্তির্ন বদ্ধো ন চ সাধকঃ, ন মুমুক্ষুর্ন বা মুক্ত ইত্যেষা পরমার্থতা" ইতি। অত্র জীবন্মুক্তস্যো-পাধিবিগমসময়ে, প্রাণাদ্যালিঙ্গশরীরস্য, অভিতপ্তলোহক্ষিপ্তনীর-বিন্দুবৎ, প্রত্যগভিন্নপরমানন্দলীনত্বাৎ, স্থূলশরীরং নোত্তিষ্ঠতীতি। তত্র শ্রুতিমাহ ন তস্যেত্যাদি। অয়ং জীবন্মুক্তো জীবন্নেব মুচ্য-মানাৎ [illegible]বেবাবিবন্ধনাৎ বিশেষেণ মুক্তঃ সন্, বর্ত্তমানদেহপাতে সতি, ভাবিদেহবন্ধাৎ বিশেষেণ মুচ্যতে ইত্যত্রাদি শ্রুতিমাহ [illegible]শ্চেতি। বৃহদারণ্যকেঽপি যদা "সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য

হৃদি স্থিতাঃ। অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে” ইতি। বাশিষ্ঠেঽপি “জীবন্মুক্তপদং ত্যক্ত্বা স্বদেহে কালসাৎকৃতে। ভবত্য দেহমুক্তত্বং পবনঃ স্পন্দতামিবেতি।” “অসঙ্গো হ্যয়ং পুরুষঃ আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ অমারিয়ং শুদ্ধমপাপবিদ্ধমি-”ত্যাদি-শ্রুত্যা, প্রত্যগাত্মনো নিত্যত্বপরিপূর্ণত্বকূটস্থত্বশ্রবণাৎ উৎপত্ত্যাপ্তি-বিকৃতিসংস্কারচতুর্ব্বিধক্রিয়াফলবিলক্ষণত্বেন বিদ্যয়া নিত্যনিবৃত্তা-বিদ্যানিবৃত্তিমাত্রেণ প্রাপ্ত এবাত্মা পুনঃ প্রাপ্ত ইত্যুপচর্য্যতে। অধিষ্ঠানস্য গমনাভাবে অধ্যস্তস্য লোকান্তরগমনাযোগাৎ ন সালোক্যাদিমুক্তিসম্ভবঃ। নন্বপ্রাপ্তস্য ক্রিয়াসাধ্যস্য বস্তুনো বিদ্যমানানর্থানিবৃত্তেশ্চ পুরুষার্থত্বং দৃষ্টং, অত্র তদভাবাৎ কথং পুরুষার্থত্বমিতি চেৎ ন অনুরোধেচ পুরুষার্থত্বমিতি নিয়মাভাবাৎ স্বচ্ছায়ায়ামারোপিতরক্ষসো বিস্মৃতকণ্ঠগতচামীকরস্য ভ্রান্তপুরুষস্য আপ্তবাক্যেন তয়োর্নিবৃত্ত্যাপ্ত্যোরপি পুরুষার্থত্বদৃষ্টেঃ অত্র সংগ্রহঃ। আত্মাজ্ঞানমলং নিরস্তমমলং প্রাপ্তঞ্চ তত্ত্বং পরং কণ্ঠস্থাভরণাদি-বদ্ভ্রমবশাচ্ছায়াপিশাচী যথা। আপ্তোক্ত্যাপ্তিনিবৃত্তিবৎ শ্রুতি-শিরোবাক্যাৎ গুরোরুপদিষ্টাজ্ঞতত্ত্বাজ্ঞাননিরাসতঃ পরসুখং প্রাপ্তং তয়োচ্যতে ইতি। ন চ মুক্তানামপি বশিষ্ঠবামদেবপ্রভৃতীনাং অপরোক্ষজ্ঞানিনাং পুনর্দেহান্তরশ্রবণাৎ কেবলং জ্ঞানোৎপত্তি-সময় এবাজ্ঞানানামনাশঃ মুক্তির্ভবতীতি কথং বিবদিনঃ অতো জ্ঞানব্যক্তিরিক্তমপি উপায়ান্তরং কিঞ্চিৎ কর্ত্তব্যমিতি বাচ্যং শাস্ত্রপ্রামাণ্যাদেব তত্ত্বদর্শকে। ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি তরতি শোকমাত্মবিদিত্যাদিশ্রুতিভিজ্ঞানোৎপত্তিসময়েব মুক্তিপ্রতি-পাদনাৎ। তদুক্তং শেষেণ তীর্থে শ্বপচগৃহে বা নষ্টস্মৃতিরপি পরি-ত্যজন্ দেহং। জ্ঞানসমকালে মুক্তঃ কৈবল্যং যাতি হতশোক ইতি।

বশিষ্ঠাদীনামাধিকারিকপুরুষত্বেন যাবদধিকারং প্রারব্ধবেগপ্রযুক্ত-শাপাদিনা স্বীকৃতাবান্তরদেহপাতেঽপি তদ্দেহভাবিভোগস্য নিবারয়িতুমশক্যত্বাৎ প্রারব্ধস্য বিনা ভোগেন ক্ষয়ানুপপত্তেঃ। যাবদধিকারমবস্থিতিরাধিকারিকাণামিতি ভগবদ্ব্যাসৈর্নির্ণীতত্বাৎ। অস্মদাদীনাঞ্চ প্রারব্ধকর্ম্মণোঽনেকদেহারম্ভকত্বসম্ভবেঽপি চরমদেহং বিনাপরোক্ষজ্ঞানোৎপত্তেরসম্ভবাৎ বামদেবে তথা দৃষ্টত্বাৎ অন্যথা গর্ভস্থস্য শ্রবণাদ্যভাবেন জ্ঞানোৎপত্ত্যনুপপত্তেঃ। ননু জ্ঞানিনামপি স্বপ্নাবস্থায়াং দেহান্তরস্বীকারবৎ মুক্তানামপি পুনর্দ্দেহান্তরস্বীকারঃ কিং ন স্যাদিতি, চেন্ন কণ্ঠে স্বপ্নং যথাবিশদিত্যাদিবাক্যেষু কণ্ঠা-ন্নির্গমনাভাবশ্রবণাৎ দেহান্তরপ্রাপ্তেশ্চ তদন্তরপ্রতিপত্তাবিত্যত্র দেহান্নির্গমনশ্রবণাৎ বৈষম্যং। তদুক্তং স্কান্দে—"যস্মিন্ দেহে দৃঢ়ং জ্ঞানপরোক্ষং বিজায়তে। তদ্দেহপাতপর্য্যন্তমেব সংসারদর্শনম্। পুনরপি নাস্তি সংসারদর্শনং পরমার্থতঃ। কথং তদ্দর্শনং দেহবিনাশা-দূর্দ্ধমুচ্যতে। তস্মাদ্ব্রহ্মাত্মবিজ্ঞানং দৃঢ়ং চরমবিগ্রহে। জায়তে মুক্তিদং জ্ঞানপ্রসাদাদেব মুচ্যতে" ইতি। তস্মাৎ সুষ্ঠূক্তং বিমুক্তশ্চ বিমুচ্যতে ইতি। নিত্যশুদ্ধপরিপূর্ণমদ্বয়ং সচ্চিদাত্মকমখণ্ডমক্ষরং। সর্ব্বদা সুখমবোধতৎকৃতৈর্ব্বর্জ্জিতং সদসদপি তৎপরং। গোবর্দ্ধন-প্রেরণয়া বিমুক্তে ক্ষেত্রে পবিত্রে নরসিংহযোগী বেদান্তসারস্য চকার টীকাং সুবোধিনীং বিশ্বপতেঃ পুরস্তাৎ। জাতে পঞ্চশতাধিকে দশ-শতে সম্বৎসরাণাং পুনঃ সংজাতে শতবৎসরে প্রভুবরঃ শ্রীশালিবাহে শকে। প্রাপ্তে দুন্দুভিবৎসরে শুভশুচৌ মাসেঽনুমত্যাং তিথৌ প্রাপ্তে ভার্গববাসরে নরহরিষ্টীকাঞ্চকারোজ্জ্বলাম্ ॥ ৮৫-৮৭ ॥

শকাব্দোঽয়ম্ ।

বেদান্ত-সার।

মঙ্গলাচরণ।

সর্ব্বব্যাপী, নিত্য, চৈতন্যস্বরূপ, আনন্দময় এবং বাক্যমনের অগোচর, অথচ জগতের আধার, এবম্বিধ পরমাত্মাকে (ব্রহ্মকে) আমি অভিলষিত সিদ্ধির নিমিত্ত আশ্রয় করি।

প্রতিজ্ঞা।

জীবাত্মা ও পরমাত্মা, এই দুয়ের ভেদজ্ঞান বিদূরিত হওয়াতে যাঁহার "অদ্বয়ানন্দ" নাম সার্থক হইয়াছে, সেই অদ্বয়ানন্দ গুরুকে সেবা করিয়া, আমি যথাবুদ্ধি বেদান্তসার অর্থাৎ বেদান্তের সার বা সিদ্ধান্তভাগ বর্ণন করিব।

শাস্ত্রারম্ভ।

বেদান্ত কি ?

প্রত্যেক বেদের অন্তে অর্থাৎ শেষভাগে যে ব্রহ্মাত্ম-প্রতিপাদক বাক্যরাশি কথিত হইয়াছে, তাহার নাম "উপনিষৎ"। সেই উপনিষদ্ভাগই বেদান্ত; এবং তাহার উপকারী বলিয়া শারীরক-সূত্র প্রভৃতি অন্যান্য গ্রন্থও বেদান্ত। উপ+নি+ষদ+ক্বিপ্=উপনিষৎ। উপ=সমীপস্থ; অর্থাৎ অন্তরস্থ সমীপস্থ অন্তরাত্মা। নি=নিশ্চয়; অর্থাৎ তিনিই ব্রহ্ম, এইরূপ নিশ্চয়।

বদ=নাশ; অজ্ঞানের নাশ। মিলিতার্থ এই যে, যে বিদ্যা অনুশীলন করিলে দুঃখ, জন্ম ও মরণাদির মূলীভূত অজ্ঞান নাশ হয়, সেই ব্রহ্মবিদ্যাই উপনিষৎ। তাদৃশ ব্রহ্মজ্ঞান যে যে গ্রন্থের দ্বারা উৎপাদিত হইতে পারে, তাহাও উপনিষৎ ও বেদান্ত নামের যোগ্য।

আমার এই গ্রন্থ বেদান্তের প্রকরণ অর্থাৎ বেদান্তের প্রধান অংশের প্রতিপাদক; সুতরাং বেদান্তের যে অনুবন্ধ, ইহারও সেই অনুবন্ধ বলিয়া সেগুলি আর স্বতন্ত্ররূপে বলিতে হইবে না।

অনুবন্ধ কি?

নিমিত্ত। অনুবন্ধ আর নিমিত্ত একই কথা। অধিকারী, বিষয়, সম্বন্ধ ও প্রয়োজন, এই চারি প্রকার অনুবন্ধ বা নিমিত্ত প্রত্যেক শাস্ত্রেই থাকে। অভিপ্রায় এই যে, অধিকারী অর্থাৎ বুঝিতে ও করিতে সক্ষম, এরূপ ব্যক্তি যদি না থাকে, তবে বলা না বলা তুল্য। অতএব বক্তব্য শাস্ত্রের অধিকারী কেহ আছে কি না, দেখা আবশ্যক। অধিকারীর ন্যায় শাস্ত্রের বিষয় অর্থাৎ কোন এক বিশিষ্ট ফলপ্রদ প্রতিপাদ্য বস্তু থাকা আবশ্যক। তাহা না থাকিলে আত্মহিতেচ্ছু লোকের তাহাতে প্রবৃত্তি হইবে কেন? এবং সেই প্রতিপাদ্য বস্তু আর শাস্ত্র, এই উভয়ের পরস্পর প্রতিপাদ্য ও প্রতিপাদকরূপ সম্বন্ধ থাকাও আবশ্যক; নচেৎ সেই অসম্বদ্ধ প্রলাপে কি ফল দর্শিবে? অধিকারী, বিষয় ও সম্বন্ধ থাকিলেও হইবে না; প্রয়োজন থাকাও আবশ্যক। কেননা বিনা প্রয়োজনে কেহই কোনও কার্য্যে প্রবৃত্ত হয় না। এই জন্য প্রত্যেক শাস্ত্রেই উল্লিখিত চারি প্রকার অনুবন্ধ থাকে এবং এই বেদান্তশাস্ত্রেও তাহার অসদ্ভাব নাই।

কিরূপ ব্যক্তি বেদান্তের অধিকারী ?

যিনি বিধিপূর্ব্বক বেদবেদান্ত অধ্যয়ন করিয়া তাহার স্থূল মর্ম্ম বুঝিয়াছেন, ইহজন্মে কি জন্মান্তরে, কাম্যকর্ম্ম ও শাস্ত্রনিষিদ্ধ কর্ম্ম পরিত্যাগপূর্ব্বক কেবল নিত্য, নৈমিত্তিক ও প্রায়শ্চিত্তের অনুষ্ঠান দ্বারা নিষ্পাপ ও নির্ম্মলচিত্ত হইয়া তত্ত্বজ্ঞানের উপকারী চারি প্রকার কার্য্য অভ্যাস করিয়াছেন, সেই ব্যক্তিই প্রকৃত অধিকারী।

কাম্যকর্ম্ম কি ?

শাস্ত্রে স্বর্গ কি অন্যান্য সুখের কামনায় যে সকল কর্ম্ম করিবার উপদেশ আছে, সেই সকল কর্ম্ম কাম্য। যেমন জ্যোতিষ্টোম যাগ, সোমযাগ, রাজসূয় যজ্ঞ প্রভৃতি।

নিষিদ্ধ কর্ম্ম কি ?

নরক কি অন্য কোন অনিষ্টের হেতু বলিয়া শাস্ত্রে যাহা করিতে নিষেধ আছে, সেই সকল কার্য্য নিষিদ্ধ বলিয়া গণ্য। যথা ;—ব্রহ্মহত্যা ও বৃথা হিংসা প্রভৃতি।

নিত্যকর্ম্ম।—যাহা না করিলে পাপক্ষয় হয় না, তাহাই নিত্যকর্ম্ম। যেমন সন্ধ্যাবন্দনা প্রভৃতি।

নৈমিত্তিক কর্ম্ম।—যে সকল কর্ম্ম কোনও এক নিমিত্ত উপলক্ষ্যে অনুষ্ঠিত হয়, তাহা নৈমিত্তিক নামে খ্যাত। যথা—পুত্রেষ্টিযাগ ও জাতকর্ম্ম প্রভৃতি।

প্রায়শ্চিত্ত।—যে সকল কার্য্য কেবল পাপক্ষয়ের জন্য বিহিত, তাহা প্রায়শ্চিত্ত। চান্দ্রায়ণ ও অন্যান্য অনেক প্রকার প্রায়শ্চিত্তের উপদেশ আছে।

উপাসনা।—শাস্ত্রোক্ত প্রণালী অবলম্বন করিয়া, সগুণ ব্রহ্মে

মনোনিবেশ করা। শাস্ত্রে অনেক প্রকার উপাসনার উপদেশ আছে। তন্মধ্যে "শাণ্ডিল্যবিদ্যা" নামে উপাসনাটী ছান্দোগ্য ব্রাহ্মণে উক্ত হইয়াছে।

উল্লিখিত কর্ম্মের দ্বারা বুদ্ধিশুদ্ধি অর্থাৎ চিত্তের দোষরাশি বিদূরিত হয় এবং উপাসনাব দ্বারা চিত্তের চঞ্চল স্বভাব তিরো-হিত হইয়া একাগ্র অবস্থা অভ্যস্ত হয়। বেদে উক্ত হইয়াছে যে, "ব্রাহ্মণেরা বেদ অর্থাৎ বেদবিহিত যাগযজ্ঞাদি এবং ধ্যানসব্যাপার রূপ উপাসনার দ্বারা সেই—এই আত্মাকে (সেই = পরমাত্মা। এই = জীবাত্মা।) জানিতে পারিবেন।

স্মৃতিকার ঋষিরাও বলিয়াছেন, "তপস্যার দ্বারা পাপক্ষয় হয়, এবং উপাসনার দ্বারা মোক্ষ লাভ হয়।"

চিত্তশুদ্ধি ও একাগ্রতা লাভ ভিন্ন উহাদের পিতৃলোক ও সত্যলোক প্রাপ্তিরূপ আনুষঙ্গিক ফলও আছে। কেননা, বেদে উক্ত হইয়াছে যে, "নিত্য নৈমিত্তিক কর্ম্মের দ্বারা পিতৃলোক প্রাপ্তি অর্থাৎ স্বর্গগতি হয় এবং উপাসনার দ্বারা সত্যলোক অর্থাৎ ব্রহ্মলোক লাভ হয়।"

পূর্ব্বোক্ত চারি প্রকার সাধন কি:কি ?

(১) কোন্ বস্তু নিত্য, কোন বস্তু অনিত্য, তাহা বিবেচনা করা। (২) ঐহিক ও পারলৌকিক ফলভোগে বৈরাগ্য উৎ-পাদন করা। (৩) আত্মাতে শমদমাদি ছয় প্রকার গুণের উদ্রেক করা। (৪) এবং মুমুক্ষু হওয়া। এই চারি প্রকার আত্ম-ব্যাপারের নাম সাধন অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞানের উপকারী; সুতরাং এই চারি প্রকার সাধন না থাকিলে অধিকারিত্ব পূর্ণ হয় না।

নিত্যানিত্য বস্তু বিচার কিরূপ ?

এক অদ্বিতীয় ব্রহ্মই নিত্য, অবশিষ্ট সমস্তই অনিত্য, এইরূপ বিবেচনা করা।

উক্ত বিবেচনা দৃঢ়তর হইলে স্বতই ঐহিক আমুষ্মিক ফল-ভোগে বিরাগ জন্মে। অভিপ্রায় এই যে, গন্ধ-মাল্য-বনিতাদি ঐহিক ভোগ্য বিষয় যেমন যত্নসাধ্য বলিয়া অনিত্য অর্থাৎ ক্ষণ-বিনাশী, সেইরূপ স্বর্গাদি পারলৌকিক ভোগ্য বিষয়ও যত্নসাধ্য বলিয়া অনিত্য অর্থাৎ নশ্বর। বিষয়ের নশ্বরত্ব এবং আনন্দময় ব্রহ্মের নিত্যত্বপূর্ণত্ব জানিতে পারিলে জীবের কাযে কাযেই নশ্বর সুখের প্রতি বৈরাগ্য উপস্থিত হয়।

শমদমাদি ছয় প্রকার কি কি ?

(১) শম, (২) দম, (৩) উপরতি, (৪) তিতিক্ষা, (৫) সমাধান (৬) ও শ্রদ্ধা।

শম।—অন্তরিন্দ্রিয়ের নিয়ম ; অর্থাৎ আত্মজ্ঞানের অনুপ-যোগী বৃথা বিষয় হইতে অন্তঃকরণকে প্রতিনিবৃত্তকরণ।

দম।—বহিরিন্দ্রিয় দমন ; অর্থাৎ আত্মজ্ঞানের প্রতিবন্ধক বিষয়রাশি হইতে অন্তঃকরণকে প্রতিনিবৃত্তকরণ।

উপরতি।—বিষয়-প্রবৃত্তি নিবৃত্ত হইলেও যাহাতে পুনর্ব্বার বিষয়প্রবৃত্তি না হয়, এরূপ করা ; কিংবা বিধিপূর্ব্বক কর্ম্মকাণ্ড পরিত্যাগ অর্থাৎ সন্ন্যাসধর্ম্ম গ্রহণ করা।

তিতিক্ষা।—শীতোষ্ণ, মানাপমান ও শোকহর্ষ প্রভৃতি দ্বন্দ্ব (যুগল) সহ্য করা, অর্থাৎ ঐ ঐ বিষয়ে উদ্বিগ্ন না হওয়া।

সমাধান।—আত্মাতে চিত্তের একতানতা উৎপাদন।

শ্রদ্ধা।—গুরু ও বেদান্তবাক্যে বিশ্বাস।

মুমুক্ষু।—মুক্ত হইবার ইচ্ছা।

এতাদৃশ ব্যক্তিই যথার্থ অধিকারী, ইহা বেদে উক্ত হইয়াছে। যথা—"শান্ত, দান্ত, বিষয় হইতে উপরত, দ্বন্দ্বসহিষ্ণু ও একাগ্রচিত্ত হইয়া আত্মাতেই পরমাত্মা দর্শন করিবেক।" অপিচ, "যে ব্যক্তির চিত্ত শান্তি প্রাপ্ত হইয়াছে, বহিরিন্দ্রিয় সকল বশীভূত হইয়াছে, কামক্রোধাদি মনোদোষ সকল দূরীভূত হইয়াছে, যে উল্লিখিত শাস্ত্রবিহিত কর্ম্মের অনুষ্ঠান করিয়াছে, যে আপনাতে সদ্‌গুণ চতুষ্টয় আধান করিয়াছে, এমন ব্যক্তি যদি অনুগত হয়, তবে তাহাকে এই ব্রহ্মবিদ্যা অবশ্য প্রদান করিবে।"

অধিকারী নির্ণয় হইল, এক্ষণে বিষয় কি, তাহা বলা যাইতেছে।

এই শাস্ত্রের বিষয় অর্থাৎ প্রধান প্রতিপাদ্য, জীবব্রহ্মের ঐক্য। মনুষ্য ভ্রান্তিক্রমেই আপনাকে ব্রহ্মনামক সর্ব্বগুণাতীত, বিশুদ্ধ চৈতন্য আত্মা হইতে পৃথক্ বলিয়া জানে; তাহাদের সেই ভ্রান্তিজ্ঞান বিদূরিত হইলে যে জ্ঞানময় চৈতন্যময় প্রমেয় পদার্থ অবশিষ্ট থাকে, সেই প্রমেয় (অভ্রান্তজ্ঞানের বিষয়;—জীবব্রহ্মের ঐক্য) পদার্থ বেদান্তের বিষয়। যেহেতু তাহাতেই বেদান্তশাস্ত্রের তাৎপর্য্য।

সম্বন্ধও আছে; যেহেতু শাস্ত্র অসম্বদ্ধ কথা বলেন না। সম্বন্ধ, প্রতিপাদ্য-প্রতিপাদক বা বোধ্য বোধক। যেহেতু সেই ঐক্যরূপ প্রমেয়, উপনিষদাদি শাস্ত্রের বোধ্য বা প্রতিপাদ্য; সেই হেতু শাস্ত্রও তাহার বোধক বা প্রতিপাদক।

প্রয়োজন কি?

আত্মা হইতে অপৃথক্ ব্রহ্মচৈতন্যে যে অজ্ঞান সম্পর্ক ঘটিয়াছে, যে অজ্ঞান সম্পর্কে জীব আপনার নিদুঃখতা জানে না;

ব্রহ্মভাব জানে না, সুখদুঃখভোক্তা জন্মমরণবান জীব বলিয়াই জানে, সেই অজ্ঞান নিবৃত্তি এবং তদনন্তর আপনার আনন্দময়ত্ব অনুভব, এই দুই প্রকার প্রয়োজন। শ্রুতিও এই কথা বলিয়াছেন। যথা—"আত্মজ্ঞ ব্যক্তিই অজ্ঞানকল্পিত শোক হইতে উত্তীর্ণ হয়।" "ব্রহ্মজ্ঞ ব্যক্তিই ব্রহ্মভাব প্রাপ্ত হয়।"

মস্তক জ্বলিয়া উঠিলে লোক যেমন সমস্ত পরিত্যাগ করিয়া জলসমীপে গমন করে, সেইরূপ জন্মমরণাদি যাতনাময়-সংসারানলে পরিতপ্ত হইয়া পূর্ব্বোক্ত অধিকারী উপঢৌকনগ্রহণপূর্ব্বক বেদবেদান্তপারগ ব্রহ্মবৎ গুরুর নিকট গমন করেন এবং তাঁহার অনুগত হন। বেদও এইরূপ কথা বলিয়াছেন। যথা—"সমিৎ অর্থাৎ গুরুর উপযুক্ত উপায়ন হস্তে লইয়া বিদ্বান্ এবং ব্রহ্মজ্ঞ গুরুর নিকট যাইবেন।" অনন্তর সেই বিদ্বান্ গুরু, কৃপা করিয়া শিষ্যকে "অধ্যারোপ" ও "অপবাদ" এই দুই যুক্তিপথ অবলম্বন করিয়া ব্রহ্মোপদেশ (অজ্ঞাত বস্তু জ্ঞাপনকে উপদেশ বলে) দিবেন। কেন'না, শাস্ত্রে উক্ত আছে যে, "বিদ্বান গুরু বিধিবিধানক্রমে সমীপে উপস্থিত শিষ্যকে ব্রহ্মবিদ্যা উপদেশ দিবেন।" (তাৎপর্য্য এই যে, গুরূপদেশ ব্যতীত কোন বিদ্যাই ফলবতী হয় না।)

অধ্যারোপ কি? ভ্রম। ভ্রম ও আরোপ একই কথা। অধি+আ+রূপ=অধ্যারোপ। অধি=অধিকরণ অর্থাৎ বস্তু। আ=মিথ্যা। রূপ=আকার। মিলিতার্থ এই যে, সর্পের সহিত কোন সম্পর্ক নাই, এরূপ এক রজ্জুতে যেমন সর্পভ্রম হয়, সেইরূপ বস্তুতে অবস্তুর আরোপ অর্থাৎ ভ্রমের নাম অধ্যারোপ। ফল কথা এই যে, সত্য বস্তুতে মিথ্যা জ্ঞান হওয়ার নাম অধ্যারোপ।

এক, অদ্বিতীয়, সৎস্বরূপ, আনন্দাত্মক ও জ্ঞানময় ব্রহ্মই বস্তু; আর অজ্ঞান ও তদ্বিজৃম্ভিত অন্যান্য যে কিছু পদার্থ, সমস্তই অবস্তু। অজ্ঞান কি? অজ্ঞান এক প্রকার জ্ঞান-নাশ্য অনির্ব্বচনীয় পদার্থ। তাহা ভাব ও অভাব, বস্তু ও অবস্তু, দুয়ের বহির্ভূত। তৃতীয়া প্রকৃতি অর্থাৎ ক্লীব যেমন স্ত্রী ও পুরুষ দুয়ের বহির্ভূত, সেইরূপ। অজ্ঞান শশশৃঙ্গের ন্যায়, বন্ধ্যাপুত্রের ন্যায় আত্যন্তিক অবস্তু নহে; যেহেতু তাহা জীবমাত্রেই "আছে বলিয়া" অনুভব করিতেছেন। অজ্ঞান ব্রহ্ম পদার্থের ন্যায় বস্তুও নহে; কেন'না উহা জ্ঞান হইলে থাকে না। জ্ঞানোত্তরকালে উহা মিথ্যা বলিয়াই প্রতীতি হয়। যাহা থাকে না, যাহার ত্রৈকালিক অস্তিত্ব নাই, যাহা মিথ্যা বা ভ্রম বলিয়া প্রত্যক্ষ হয়, তাহাকে কিরূপে বস্তু বলা যায়? অতএব উহা বস্তু কি অবস্তু, সৎ কি অসৎ সাবয়ব কি নিরবয়ব, কিছুই বলা যায় না। যাহাকে "ইহা অমুক" বলিয়া অবধারণা করা যায় না, তাহাই অনির্ব্বচনীয়। যদি বল, জ্ঞানের অভাবের নামই অজ্ঞান, তাহা বলিতে পার না। "জ্ঞানের অভাব অজ্ঞান" এস্থলে জ্ঞানশব্দের অর্থ পর্য্যালোচনা করিয়া দেখিলে উহা যে অভাব পদার্থ হইতে পারে না, তাহা স্পষ্টই অনুভূত হয়। শাস্ত্রে চৈতন্যকে জ্ঞান বলে, আবার বুদ্ধিবৃত্তিকেও জ্ঞান বলে, এবং কেহ কেহ জ্ঞানকে আত্মার গুণ বলিয়া ব্যাখ্যা করেন। এই তিন প্রকার জ্ঞানের কোন্ প্রকার জ্ঞানের অভাব অর্থাৎ অনস্তিত্ব ধরিবেন? প্রথমোক্ত জ্ঞানটী নিত্য নিরবয়ব; সুতরাং তাহার অভাব অস্বীকার্য্য। দ্বিতীয়টী বাস্তবিক জ্ঞান নহে, যে হেতু তাহা জড়। বুদ্ধিবৃত্তি যখন চৈতন্য ব্যাপ্ত হইয়াই বস্তুর প্রকাশক

হয়, সে যখন চৈতন্ত ছাড়িয়া স্বয়ং কিছুই প্রকাশ করিতে সক্ষম নহে, তখন সে প্রকৃত জ্ঞান নহে; জ্ঞানের অর্থাৎ চৈতন্তের সংশ্লিষ্ট বলিয়া লোকে তাহাতে উপচারক্রমে জ্ঞান বলিয়া উল্লেখ করে। সুতরাং তাহার অভাবও প্রকৃত অজ্ঞান নহে। তৃতীয় পক্ষও নহে। কেন'না, জ্ঞান নামক আত্মগুণের এক-বারে অভাব হওয়াও অসম্ভব। কারণ, যখনই "আমি অজ্ঞান ছিলাম—কিছুই জানিতেছিলাম না" বলিবে, তখনই তোমার জ্ঞানের অস্তিত্ব সপ্রমাণ হইবে। অতএব তৎকালে তোমার অন্য কোন জ্ঞান না থাকুক, অজ্ঞানবিষয়ক জ্ঞান ছিল, ইহা নির্দ্ধারিত হইবে। কেন'না তুমি যে অজ্ঞান ছিলে, এ অনুভবটীও জ্ঞান। "অজ্ঞান ছিলাম" ইহার অর্থ কি? না আমার জ্ঞান তৎকালে অজ্ঞান ভিন্ন অন্য কোন বিষয়কে আলিঙ্গন করিতেছিল না। ইহাই উহার অর্থ। অতএব, অজ্ঞান পদার্থটী অভাব অর্থাৎ শূন্যস্বরূপ নহে। উহা ভাব অর্থাৎ অভাব পদার্থ হইতে ভিন্ন। অথচ যৎকিঞ্চিৎ অর্থাৎ এক প্রকার অস্থির পদার্থ।

অজ্ঞান মাত্র বলিলে লোকে পাছে অভাব পদার্থ বুঝিয়া ফেলে, সেই ভয়ে "ভাবরূপং" বিশেষণ দেওয়া হইল। নির্দ্ধারিত রূপে উহার স্বরূপ নির্ণয় করা যায় না বলিয়া "সদসদ্ভ্যামনির্বচ-নীয়ং" বলা হইয়াছে। উহা মিথ্যা নামক আত্মগুণ নহে, ইহা জানাইবার জন্য "ত্রিগুণাত্মকং" বলা হইয়াছে। অজ্ঞান জন্য প্রত্যেক পদার্থেই সত্ত্ব, রজঃ ও তমোগুণ থাকায় অজ্ঞান ত্রিগুণা-ত্মক বলিয়া অনুমিত হয়। জ্ঞানের সঙ্গে বিরোধিতা থাকায় অর্থাৎ জ্ঞান হইলেই অজ্ঞান তিরোহিত হয় বলিয়া উহাকে "জ্ঞান

বিরোধী" বলা যায়। অজ্ঞান পদার্থকে ভাব বলিয়া ব্যাখ্যা করিলেও উহা ব্রহ্মপদার্থের ন্যায় পারমার্থিক ভাব নহে বলিয়া "যৎকিঞ্চিৎ" বিশেষণ দিয়া বুঝান গেল। যৎকিঞ্চিৎ অর্থাৎ এক প্রকার অস্থির বা অনির্ব্বাচ্য পদার্থ। এরূপ অজ্ঞান যে আছে, তাহা অনুভবসিদ্ধ। সকল লোকেই "অহং অজ্ঞঃ" আমি অজ্ঞ অর্থাৎ আমি জানি না, আমি কে তাহা আমি জানি না, ইহা কি, উহা কি, তাহা আমি জানি না, এরূপ বলিয়া থাকেন এবং অনুভব করিয়াও থাকেন। সুতরাং তাঁহারা যে সকলেই অজ্ঞানগ্রস্ত, তাহা আর সপ্রমাণ করিবার আবশ্যক নাই। প্রত্যেক ব্যক্তির উক্তরূপ অনুভবই প্রত্যেক ব্যক্তির অজ্ঞানসদ্ভাবের প্রমাণ। এবং অজ্ঞান যে, অনির্ব্বচনীয় পদার্থ তাহাও উক্তরূপ অনুভবের দ্বারা সপ্রমাণ হইয়াছে। অজ্ঞান কি? তাহা নির্দ্ধারিতরূপে জানা থাকিলে কখনই আমরা উক্তরূপ মোহে অভিভূত হইতাম না। অতএব অজ্ঞান নামে যে এক প্রকার অনির্ব্বচনীয় যৎকিঞ্চিৎ পদার্থ আছে, তাহা অনুভব ও শাস্ত্র উভয় প্রমাণসিদ্ধ। এ বিষয়ে শ্রুতি আছে যে, দেব অর্থাৎ স্বয়ংপ্রকাশ আত্মার শক্তি স্বরূপ অজ্ঞান আপন গুণের দ্বারা গুপ্ত আছেন।

এই অজ্ঞান আপাততঃ নানা রূপে ভাসমান হইলেও বস্তুতঃ উহা এক। সেই জন্যই শাস্ত্রকারেরা উহার সমষ্টি অর্থাৎ সমুদায় বা অপৃথক্‌ভাব লক্ষ্য করিয়া এক এবং ব্যষ্টি অর্থাৎ ভিন্ন ভিন্ন ভাব বা বিশেষ ভাব লক্ষ্য করিয়া বহু বলিয়া উল্লেখ করিয়াছেন। যেমন বিশেষ বিশেষ বৃক্ষের সমষ্টিভাবে এক বন এবং জলের সমষ্টিভাবে এক জলাশয়, সেইরূপ জীবগত নানা

প্রকার অজ্ঞানের সমষ্টিভাব ধরিলে তাহা এক। (সমুদ্র, তরঙ্গ, লহরী, ফেন প্রভৃতি যেমন জল হইতে ভিন্ন নহে, সেইরূপ, এ জীব সে জীব, কোন জীবই অজ্ঞান ছাড়া নহে, এবং অজ্ঞানের প্রকার-সংখ্যা যতই হউক, সমস্তই অজ্ঞান ভিন্ন অন্য কিছু নহে।) ইহাতে শাস্ত্র প্রমাণ যথা—"কাহারও সৃষ্ট নহে এরূপ সত্ত্ব, রজঃ ও তমোগুণাত্মক অজ্ঞান এক।"

এই সমষ্টি অজ্ঞানটী উৎকৃষ্টের অর্থাৎ অপ্রতিহত স্বভাব পরিপূর্ণ চৈতন্যের অর্থাৎ ঈশ্বরের উপাধি বলিয়া বিশুদ্ধ সত্ত্ব-প্রধান। (উপ+আ+ধা+ই=যে নিকটে থাকিয়া আপনার গুণ সমীপস্থ বস্তুতে আরোপ করে, সেই উপাধি। জবা পুষ্প স্ফটিক নিকটে থাকিয়া আপনার লোহিত্য স্ফটিকে আরোপিত করে বলিয়া জবা স্ফটিকের উপাধি। অজ্ঞানও চৈতন্য-সন্নিধানে থাকিয়া আপনার দোষ গুণ চৈতন্যে আরোপিত করে বলিয়া চৈতন্যের উপাধি। যে যাহার উপাধি, সে তাহার উপহিত। চৈতন্যের উপাধি অজ্ঞান সুতরাং চৈতন্যও অজ্ঞানের উপহিত। উৎকৃষ্ট ও বিশুদ্ধ প্রধান, এই দুই শব্দের দ্বারা এইরূপ ভাবার্থ পাওয়া যাইতেছে যে, সৃষ্টিকালে চৈতন্যের মূল প্রকৃতি ভিন্ন মন বুদ্ধি প্রভৃতি অন্য কোন ক্ষুদ্র উপাধি ছিল না, সুতরাং তৎ-কালে তিনি উৎকৃষ্ট। সত্ত্ব, রজ ও তম এই গুণত্রয় যখন সমান ভাবে থাকে, তখন সৃষ্টি হয় না। যখন কোন একটা বৃদ্ধি পায়, তখনই সৃষ্টি হয়। সৃষ্টির প্রথমেই প্রকৃতির বা অজ্ঞানের সর্ব্ব-প্রকাশক, সর্ব্বমর্য্যাদাকারক, সর্ব্ববীজস্বরূপ, সুখময় ও জ্ঞানময় সত্ত্ব অংশই প্রবৃদ্ধ হইয়া মহত্তত্ত্ব সৃষ্টি করে, ক্রমে অহঙ্কার প্রভৃতির সৃষ্টি হয়। সুতরাং সমষ্টি অজ্ঞান বা মহত্তত্ত্বের সত্ত্ব গুণটী

প্রধান ও প্রবল থাকে,—রজঃ ও তমোগুণ বিলুপ্ত প্রায় বা অভি-ভূত থাকে। কাযে কাযেই তাহাকে বিশুদ্ধ সত্বপ্রধান বলা যায়। সুতরাং এই সমষ্টি অজ্ঞানে উপহিত চৈতন্য (অর্থাৎ মহত্তত্ত্বোপরক্ত চৈতন্য) সর্ব্বজ্ঞ, সর্ব্বেশ্বর, সর্ব্বনিয়ন্তা, অব্যক্ত, (সর্ব্বকার্য্যের বীজ) অন্তর্যামী, জগৎকারণ, এবং ঈশ্বর প্রভৃতি নাম দ্বারা অভিহিত হন।

এতাদৃশ সমষ্টি অজ্ঞানের অবভাসক বলিয়া তিনি সর্ব্বজ্ঞ।* সমষ্টির অজ্ঞানের গর্ভে সকল জ্ঞানই আছে; এবং তাদৃশ সমষ্টি অজ্ঞানকে তিনি জানিতেছেন সুতরাং তিনি সর্ব্বজ্ঞ। এ বিষয়ে শ্রুতি এই যে, "সমষ্টি ও তদন্তঃপাতী ব্যক্তি সমস্তই জানেন; তিনি সর্ব্বজ্ঞ ও পরমেশ্বর।"

ঈশ্বরের উপাধি স্বরূপ এই সমষ্টি অজ্ঞানটীই যাবন্ত জন্য বস্তুর কারণ; সেই হেতু উহা ঈশ্বরের কারণশরীর। আনন্দের প্রাচুর্য্য থাকাতে আনন্দময় এবং কোষের ন্যায় আচ্ছাদক বলিয়া কোষ, উভয়ে মিলিয়া আনন্দময়কোষ নামে উক্ত হয়। আকাশাদি সমস্ত জন্য বস্তুই উহাতে উপরত অর্থাৎ লয় প্রাপ্ত হয় বলিয়া উহা মহাসুষুপ্তি অর্থাৎ প্রলয় নামে অভিহিত হইয়া থাকে। যে হেতু উহা মহাসুষুপ্তি, সেই হেতু উহাকে স্থূল প্রপঞ্চ, অর্থাৎ ঈশ্বরের বিরাট অবস্থা ও সূক্ষ্ম প্রপঞ্চ অর্থাৎ হিরণ্যগর্ভ অবস্থারও লয়স্থান বলা যায়।

যেমন বনের ব্যষ্টি বৃক্ষ এবং তাহা অনেক; আর জলাশয়ের ব্যষ্টি জল এবং তাহাও অনেক; সেইরূপ মূল-জ্ঞান বা সমষ্টি অজ্ঞানের ব্যষ্টি অজ্ঞানও অনেক। শ্রুতি আছে যে, 'পরমেশ্বর বহু মায়ার দ্বারা বহুরূপে প্রকাশ পাইতেছেন।"

এ স্থলে দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণাদি নানা প্রভেদযুক্ত জীবব্যাপী অজ্ঞানকে ব্যষ্টি অজ্ঞান এবং মহত্তত্ত্ব নামক অবিভক্ত ঈশ্বরগত মূলাজ্ঞানকে সমষ্টি-অজ্ঞান বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে।

এই ব্যষ্টি অজ্ঞানটি নিকৃষ্টের অর্থাৎ অসর্ব্বজ্ঞ ও অল্পশক্তিমান্ জীবের উপাধি ও মলিন সত্বপ্রধান; সুতরাং ইহাতে যে চৈতন্য প্রতিবিম্বিত হইতেছে, সেই জীব চৈতন্যও অল্পজ্ঞ। অল্পজ্ঞতা হেতু উহাতে অনীশ্বরত্বাদি গুণবিশিষ্ট প্রাজ্ঞ (প্র + অজ্ঞ) বলা যায়। "মলিন্ সত্ব প্রধান" ইহার ভাবার্থ এই যে, মহত্তত্ত্ব নামক মূলাজ্ঞানের পর উহার রজঃ ও তমো অংশ প্রবৃদ্ধ হইয়া অহঙ্কার ও অন্তঃকরণ নিচয়ের সৃষ্টি করিয়াছিল; রজঃ ও তমো মিশ্রিত হওয়ায় অন্তঃকরণাদির প্রকাশশক্তি অল্প সুতরাং তদুপহিত চৈতন্য অর্থাৎ জীব অল্পজ্ঞ।

জীবের প্রাজ্ঞ নাম দিবার কারণ এই যে, ইনি সমস্ত অজ্ঞানের অবভাসক নহেন, মাত্র ব্যষ্টি অজ্ঞানের অবভাসক। এবং ইহার উপাধিটীও অস্পষ্ট অর্থাৎ রজস্তমোমিশ্রিত হওয়ায় মলিন। কাযেকাযেই ইনি অল্প প্রকাশক। এই জন্যই ইনি প্রাজ্ঞ (প্রায়েণ অজ্ঞঃ) অর্থাৎ প্রায়ই জানেন না।

এই ব্যষ্টি অজ্ঞান রূপ উপাধিটী জীবের অহঙ্কারাদির আদি কারণ বলিয়া কারণ শরীর, আনন্দের বাহুল্য হেতু আনন্দময়, কোষের ন্যায় আচ্ছাদক বলিয়া কোষ, জাগ্রৎ ও স্বপ্ন পদার্থ সমস্তই ইহাতে লয় হয় বলিয়া সুষুপ্তি (জীবের সুষুপ্তিই ব্যষ্টি অজ্ঞান বুঝিবার উত্তম দৃষ্টান্ত) সুতরাং উহাকে স্থূল সূক্ষ্ম শরীরের লয় স্থান বলিয়া ব্যবহার করা যায়। (মহাসুষুপ্তি কালে বা

প্রলয় কালে অর্থাৎ ঈশ্বরের সুষুপ্তিতে এবং খণ্ড প্রলয়ে বা জীবের সুষুপ্তিতে যে, কোন প্রকার ভোগ অর্থাৎ আনন্দ থাকে, তাহার প্রমাণ কি? ইহা বুঝাইবার জন্ত বলিতেছেন।

সেই সুষুপ্তি কালে ঈশ্বর ও প্রাজ্ঞ উভয়েই চৈতন্ত প্রদীপ্ত অতি সূক্ষ্ম অজ্ঞানবৃত্তির দ্বারা আনন্দ অনুভব করিয়া থাকেন। (ভাবার্থ এই যে, তৎকালে অন্ত কোন প্রবিভক্ত বৃত্তি বা জ্ঞান থাকে না; কিন্তু অতি সূক্ষ্ম অর্থাৎ একটি মাত্র অবিভক্ত অর্থাৎ অখণ্ডাকার অজ্ঞানবৃত্তিই থাকে; সুতরাং তৎকালে অন্ত কোন বৈষয়িক আনন্দ থাকে না, আপনার আনন্দ স্বরূপতাই অনুভব করেন মাত্র।) এ বিষয়ে শ্রুতি প্রমাণ এই যে, "প্রাজ্ঞ সুষুপ্তি কালে চৈতন্তের প্রকাশ দ্বারাই স্বনিষ্ঠ আনন্দ ভোগ করিয়া থাকেন।" এ বিষয়ে অনুভব প্রমাণও আছে। যথা— লোকের সুষুপ্তি ভঙ্গ হইলে, "আমি সুখে ছিলাম, কিছুই জানিতে ছিলাম না।" এইরূপ স্মরণ হইয়া থাকে। সুষুপ্তিকালে আনন্দের ও অজ্ঞানের অনুভব না থাকিলে কদাচ লোকের উক্তরূপ স্মরণাত্মক জ্ঞান হইত না। সুখ ও অজ্ঞান তৎকালে অনুভূত হইয়াছিল বলিয়াই লোকে সুষুপ্তি ভঙ্গের পর সেই অনুভূত সুখ ও অজ্ঞান স্মরণ করিতে সমর্থ হয়।

পূর্ব্বে যে ব্যষ্টি সমষ্টির কথা বলা হইয়াছে, তাহা কল্পনা মাত্র। বন আর বৃক্ষ যেমন বস্তুতঃ অভিন্ন, জলাশয় ও জল যেমন বস্তুতঃ অভিন্ন, তদ্রূপ সেই ব্যষ্টি সমষ্টি, দুই অজ্ঞানই বস্তুতঃ অভিন্ন অর্থাৎ এক; ভিন্নতা কল্পনা ব্যবহারিক।

উপাধি অভিন্ন হইলে তদুপহিত চৈতন্তও অভিন্ন হইবে। বনের উপহিত (বনাবচ্ছিন্ন) আকাশ, আর বৃক্ষের উপহিত

আকাশ যেমন ভিন্ন নহে, কিংবা জলপ্রতিবিম্বিত আকাশ আর জলাশয় প্রতিবিম্বিত আকাশ যেমন ভিন্ন নহে;—ভাবিয়া দেখ, তাহা বস্তুতঃ এক; সেইরূপ ঈশ্বরসংজ্ঞক সমষ্টি অজ্ঞান-উপহিত চৈতন্য, আর সুষুপ্তি জীব বা প্রাজ্ঞ নামক ব্যষ্টি অজ্ঞানোপহিত চৈতন্য বস্তুতঃ ভিন্ন নহে। ভাবিয়া দেখ, উপাধি দূর করিলে চৈতন্য ভিন্ন অন্য কিছু বর্ত্তমান থাকে না। সুতরাং চৈতন্য পদার্থ এক। শ্রুতিও মহাসুষুপ্তি ও খণ্ডসুষুপ্তি অবস্থাপন্ন চৈতন্যকে উক্তরূপে বর্ণনা করিয়াছেন যথা,—"ইনিই সকলের ঈশ্বর, ইনিই সর্ব্বজ্ঞ, ইনিই সর্ব্বান্তর্যামী, ইনিই সকলের কারণ, ইনিই সকল ভূতের উৎপত্তি ও প্রলয়ের স্থান বা মূল কারণ।"

বন ও তাহার আশ্রয়ীভূত আকাশ এবং বৃক্ষ ও তাহার আশ্রয়ীভূত আকাশ; কিংবা জলাশয় ও তৎপ্রতিবিম্বিত আকাশ এবং জল ও জলাবচ্ছিন্ন আকাশ; এই সমুদায় যে অখণ্ড দণ্ডায়মান মহাকাশে কল্পিত হইয়াছে, সেই মহাকাশকে যেমন অপেক্ষাকৃত তুরীয় অর্থাৎ চতুর্থ পদার্থ বলা যায়, সেইরূপ সমষ্টি ও ব্যষ্টি অজ্ঞান এবং তাহাদের উপহিত চৈতন্য অপেক্ষা অনুপহিত অর্থাৎ বিশুদ্ধ অদ্বয় অনবচ্ছিন্ন কেবল চৈতন্য তুরীয় অর্থাৎ চতুর্থ। (ভাবার্থ এই যে, বিরাট হিরণ্যগর্ভ ও ঈশ্বর অপেক্ষা কেবল চৈতন্য যেমন চতুর্থ, সেইরূপ জীবেরও বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞ অবস্থা অপেক্ষা কেবল চৈতন্যমাত্র অবস্থাটী তুরীয়। নির্গুণতা হেতু নাম কল্পনা না হওয়ায় চতুর্থ শব্দে উল্লেখ হয়।) এ বিষয়ে শ্রুতি প্রমাণ এই যে, "সর্ব্ব দোষ বর্জ্জিত মঙ্গলময় ও অদ্বিতীয় বা অখণ্ড বিশুদ্ধ চৈতন্যকে পণ্ডিতেরা চতুর্থ বলিয়া মান্য করেন। তিনি পরমাত্মা ও তিনিই বিজ্ঞেয়।"

"লোহায় দগ্ধ করিতেছে" এই বাক্যের যেমন দুইটী অর্থ অর্থাৎ একটী বাচ্যার্থ ও একটী লক্ষ্যার্থ, সেইরূপ "তত্ত্বমসি" ও "অহং ব্রহ্মাস্মি" প্রভৃতি অদ্বৈতবোধক মহাবাক্য নিচয়েরও একটী বাচ্যার্থ ও একটী লক্ষ্যার্থ আছে। ভাবিয়া দেখ, অত্যন্ত সংযোগ বলে লোহার সহিত একীভূত হওয়ায় অগ্নি ও লোহা যে, পরস্পর অত্যন্ত ভিন্ন পদার্থ এবং লোহার যে দাহিকা শক্তি নাই, ইহা বিবেচনা না করিয়াই লোকে বলে, "লোহায় পুড়িয়াছে।" অতএব উক্ত লোহা শব্দের অর্থ লোহা নহে, লৌহের সহিত একীভাব প্রাপ্ত অগ্নিই লোহা শব্দের অর্থ এবং এইটীই লৌহ শব্দের বাচ্যার্থ ও লোহাকে ছাড়িয়া দিয়া প্রকৃত অগ্নিটী তাহার লক্ষ্যার্থ। এতদ্দৃষ্টান্তের ন্যায়, উল্লিখিত সমষ্টি ও ব্যষ্টি অজ্ঞান, আর তদুপহিত চৈতন্য, এই দুয়ের একভাবটী তত্ত্বমস্যাদি শব্দের বাচ্যার্থ; আর উপাধি হইতে ভিন্নীকৃত কেবল চৈতন্যটী তাহার লক্ষ্যার্থ। শাস্ত্রেও এইরূপ উক্ত হইয়াছে। যথা—

এতাদৃশ অজ্ঞানের দুইটী শক্তি আছে। একটীর নাম আবরণ শক্তি, অপরটীর নাম বিক্ষেপ শক্তি।

আবরণ শক্তিটী বুঝিবার দৃষ্টান্ত এই যে, অত্যল্প এক খণ্ড মেঘ, দর্শকের নয়ন মাত্র আচ্ছন্ন করে; কিন্তু দর্শক মনে করে যে, মেঘ সূর্য্যকে ঢাকিয়াছে। এইরূপ অজ্ঞানও নিজে বুদ্ধ্যাদিরূপে পরিচ্ছন্ন হইয়াও বুদ্ধিপ্রতিবিম্বিত চৈতন্যকে আবৃত করায় বোদ্ধার আত্মগত সর্ব্বব্যাপকত্বাদি অনুভব হয় না। (সর্ব্বব্যাপক চৈতন্যের যে অংশে বুদ্ধি, সেই অংশ ভিন্ন অবশিষ্ট জীব অংশ আবৃত হওয়ায় আপনাকে বদ্ধ ও সংসারী বলিয়া অনুভব

করে।) 'অতএব অজ্ঞান, যে শক্তির দ্বারা আত্মার যথার্থ স্বরূপ ঢাকিয়া রাখে, সেই শক্তিটীর নাম আবরণ শক্তি। আত্মজ্ঞ ব্যক্তিরা এই কথাই বলিয়াছেন। যথা—"অজ্ঞান মনুষ্য যেমন মেঘাচ্ছন্ন চক্ষু হইয়া সূর্য্যকে মেঘাচ্ছন্ন ও প্রভাশূন্য মনে করে, সেইরূপ, অবিবেকী পুরুষ স্বীয় অজ্ঞানে আচ্ছন্নদৃষ্টি হইয়াই আপনাকে বদ্ধ দেখে। যিনি মূঢ় বুদ্ধির দৃষ্টিতে বদ্ধের ন্যায় দৃষ্ট হন, সেই সর্ব্ব-ব্যাপী পরমাত্মা আমি।"

জ্ঞাতব্য বস্তু যদি অজ্ঞানের দ্বারা আবৃত হয় অর্থাৎ তাহার সর্ব্বাংশের স্ফূর্ত্তি না হয়, তাহা হইলে তাহাতে কোন এক বিপ-রীত জ্ঞান উৎপন্ন হইবেই হইবে। যেমন রজ্জু কি জলধারা অজ্ঞানাবৃত হইলে তাহাতে সর্প কি তৎসদৃশ অন্য এক কল্পিত দৃশ্য দৃষ্ট হয়, সেইরূপ পরমাত্মার স্বরূপটীও অজ্ঞান দ্বারা আবৃত হওয়ায় তাহাতে কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব সুখিত্ব দুঃখিত প্রভৃতি সংসার ধর্ম্ম সকল কল্পিত হয়।

এই বিক্ষেপ-শক্তি আর সৃষ্টি করিবার সামর্থ্য একই কথা। (আবৃত হইলেই বিক্ষেপ অর্থাৎ কল্পনা উপস্থিত হয়, ইহা অনু-ভব সিদ্ধ) রজ্জু বিষয়ক অজ্ঞান (রজ্জুর সর্ব্বাংশ না জানা) যেমন সর্পাদির সৃষ্টি করে, (এই দৃষ্টান্ত বেদান্ত মতে সমস্ত দৃশ্যই কল্পিত) সেইরূপ আত্মবিষয়ক অজ্ঞানও স্বাবৃত আত্মাতে ভ্রমময় আকাশাদির সৃষ্টি করিয়াছে। অজ্ঞানের যে শক্তির দ্বারা তাদৃশ সৃষ্টি হয়, সেই শক্তির নাম বিক্ষেপ শক্তি। এতদ্বিষয়ে শাস্ত্রপ্রমাণ এই যে, "অজ্ঞানের বিক্ষেপ-শক্তি নশ্বর ব্রহ্মাণ্ডের সৃষ্টি করিয়া থাকে।"

(উপাদান অর্থাৎ মেটিরিএল্‌স্ কোথায়, এ আপত্তি

সম্ভবে না।) কেন না লূতা অর্থাৎ মাকড়শা কীট যেমন আত্ম চৈতন্যের প্রাবল্যে স্বোৎপাদ্য তন্তুর নিমিত্ত কারণ এবং শরীর দ্বারা উপাদান কারণ হয়; সেইরূপ পরমাত্মাও স্বীয় মায়া স্বরূপ শরীরের দ্বারা জগৎ সৃষ্টির উপাদান কারণ ও চৈতন্যের প্রাবল্যে নিমিত্ত কারণ বলিয়া গণ্য হন। (অর্থাৎ লূতা স্বীয় চেতনা শক্তির সাহায্যে বা সন্নিধান বশতঃ তাহার শরীর বা শরীরান্তর্ব্বর্ত্তী বিকার অর্থাৎ লালার দ্বারা সূত্রের সৃষ্টি করে; সেইরূপ পরমাত্মার সন্নিধানবশতঃ তদীয় মায়ারূপ শরীর বিকৃত হইয়াই বিচিত্র জগৎ উৎপন্ন হয়) উৎপত্তি প্রণালী এইরূপ:—

তমোগুণবহুলবিক্ষেপ-শক্তি-যুক্ত অজ্ঞানোপহিত চৈতন্য হইতে প্রথমতঃ আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি অগ্নি হইতে জল এবং জল হইতে পৃথিবী উৎপন্ন হয়। এই বিষয়েও শ্রুতি প্রমাণ আছে। যথা—সেই অজ্ঞানোপহিত চৈতন্যরূপ পরমাত্মা হইতে আকাশ জন্মিয়াছে এবং সেই আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল ও জল হইতে পৃথিবী উৎপন্ন হইয়াছে। (প্রত্যেকটিতেই চৈতন্যের উপাহিত ভাব আছে, বুঝিতে হইবেক।)

সেই সকল উৎপন্ন আকাশাদিতে প্রকাশ শক্তির অল্পতা ও জড়ভাবের আধিক্য থাকায় উহাদের প্রত্যেকের মূল কারণে যে তমোগুণের প্রাবল্য ছিল, তাহা সহজেই অনুমিত হইতে পারে।

উৎপত্তির অব্যবহিত পরেই সেই সকল আকাশাদিতে কারণ-গুণের তারতম্যক্রমে সত্ত্বাদি গুণ সকল তারতম্যরূপে উৎপন্ন হইয়াছিল।

সেই প্রথমোৎপন্ন পঞ্চ পদার্থকে পণ্ডিতেরা সূক্ষ্মভূত, তন্মাত্রা ও অপঞ্চীকৃত মহাভূত বলিয়া থাকেন। সেই সকল সূক্ষ্ম ভূত হইতে জীবের সূক্ষ্ম শরীর ও স্থূল ভূত সকল উৎপন্ন হয়। (পুনঃ প্রবল না হওয়া পর্য্যন্ত সেই সূক্ষ্ম শরীর আর স্থূল ভূত সকল বর্ত্তমান থাকিবে। এখন যে আমরা আকাশ, বায়ু, জল ও মৃত্তিকা উপভোগ করিতেছি, তাহা পঞ্চীকৃত। এই জন্যই আমরা জলে আর আর ৩।৪ পদার্থের ভাগ উপলব্ধি করিয়া থাকি।)

সূক্ষ্মশরীর সকল সপ্তদশ অবয়বে উপেত। সূক্ষ্ম শরীরের অন্য নাম লিঙ্গ শরীর।

সপ্তদশ অবয়ব কি কি? পাঁচ জ্ঞানেন্দ্রিয়, বুদ্ধি, মন, কর্ম্মেন্দ্রিয় পাঁচ, এবং শরীরস্থ পাঁচ বায়ু। সূক্ষ্ম শরীরটী এই সপ্তদশ মাত্র অবয়ব সম্পন্ন। জ্ঞানেন্দ্রিয় কি? না জ্ঞানজনক ইন্দ্রিয়। তাহার সংখ্যা পাঁচ। শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা ও ঘ্রাণ। (ইন্দ্রিয় সকল প্রত্যক্ষের অগোচর। স্থূল দেহে সংলগ্ন যে চক্ষুঃ প্রভৃতি, তাহারা ইন্দ্রিয় নহে; হান্দ্রয়ের গোলক অর্থাৎ অবস্থান মাত্র। মরণ কালে স্থূল দেহের স্থূল ভূত গুলি পড়িয়া থাকে, উল্লিখিত ১৭টী একত্র হইয়া নির্গত হয়। সেই জন্যই সূক্ষ্ম শরীরের জ্ঞান শক্তি, কার্য্য শক্তি, সঙ্কল্প শক্তি ও নিশ্চয়-করণ শক্তি সমস্তই থাকে; বরং অধিক থাকে।) এই সকল জ্ঞানেন্দ্রিয় আকাশাদি সূক্ষ্ম ভূতের সাত্বিক অংশ হইতে উৎপন্ন হইয়াছে।

অন্তঃকরণের নিশ্চয়-করণ-শক্তি-যুক্ত বৃত্তির নাম বুদ্ধি; আর সঙ্কল্প ও বিকল্প (বিবিধ কল্পনা করিবার শক্তি) শক্তিমতী অন্তঃ-

করণ বৃত্তির নাম মন। চিত্ত আর অহঙ্কার এই দুইটী বুদ্ধি ও মনের অন্তর্গত; অনুসন্ধানাত্মক আত্মবৃত্তির নাম চিত্ত, আর অভিমানাত্মক আত্মবৃত্তির নাম অহঙ্কার।

উল্লিখিত বুদ্ধি আর মন, মিলিত পঞ্চ ভূতের সাত্বিক অংশ সম্ভূত। যে হেতু ইহারা প্রকাশস্বভাব, সেই হেতু ইহারা সাত্বিকাংশ সম্ভূত। সত্ব ভিন্ন অন্য কোন গুণের প্রকাশ স্বভাবতা নাই।

এই বুদ্ধি আর পাঁচ জ্ঞানেন্দ্রিয় এই ছয়ের সমষ্টিকে বিজ্ঞানময় কোষ বলা যায়।

এই বিজ্ঞানময় কোষকেই ইহলোক পরলোক সঞ্চারী জীব বলিয়া ব্যবহার করা হইয়া থাকে। ইহাতেই কর্ত্তৃত্ব, ভোক্তৃত্ব, অভিমান বর্ত্তমান অর্থাৎ এই বিজ্ঞানময় কোষই "অহংকর্ত্তা, অহংকরোমি, অহংভোক্তা, অহং সুখী" এইরূপ অভিমান করিয়া থাকে।

মন আর পাঁচ কর্ম্মেন্দ্রিয় মিলিত হইলে তাহাকে মনোময় কোষ বলা যায়।

কর্ম্মেন্দ্রিয় কি কি?

বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ। এই পাঁচটার দ্বারা কর্ম্ম বা কার্য্য সকল সাধিত হয় বলিয়া ইহারা কর্ম্মেন্দ্রিয় নামে খ্যাত। (এ পাঁচটীও ইন্দ্রিয়ের অগোচর; দৃশ্যমান হস্ত পদাদি উহাদের বাসস্থান।)

এই পাঁচ কর্ম্মেন্দ্রিয় আকাশাদি ভূতের রজো অংশ হইতে উৎপন্ন হইয়াছে।

বায়ু পঞ্চক কি কি?

প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান। (শরীরে এই পাঁচ প্রকার বায়ু বাস করে।)

প্রাণ।—অর্থাৎ অগ্রনিঃসরণ স্বভাব নাসাগ্রসঞ্চারী বায়ু।

অপান।—অধোগমনশীল এবং (মলদ্বার) পায়ু প্রভৃতি নীচাঙ্গ সঞ্চারী বায়ু।

ব্যান।—সর্ব্বনাড়ীসঞ্চারী ও সমস্ত শরীরব্যাপী বায়ু।

উদান।—উর্দ্ধগতিস্বভাব এবং কণ্ঠস্থ বায়ু। ইহাকে উৎক্রমণ বায়ুও বলে। ইনিই অন্যান্য বায়ু ও ইন্দ্রিয়দিগকে লইয়া দেহ হইতে বহির্গত হন।

সমান।—ভুক্ত দ্রব্যের সমীকরণকারী বায়ু। সমীকরণ অর্থাৎ ভুক্ত দ্রব্যের পরিপাক, তদনন্তর রসরক্তাদির যথাযথ বিভাগ।

কেহ কেহ বলেন যে নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় নামক আরও পাঁচ প্রকার বায়ু আছে। নাগ বায়ুর কার্য্য উদগীরণ। কূর্ম্ম বায়ুর কার্য্য উন্মীলন অর্থাৎ চক্ষুরাদি অঙ্গের বিকাশ করণ। কৃকরের কার্য্য ক্ষুধা। দেবদত্তের কার্য্য জৃম্ভন। ধনঞ্জয়ের কার্য্য পুষ্টি।

কোন কোন আচার্য্য বলেন যে, নাগ প্রভৃতি উপবায়ু সকল প্রাণাদি বায়ুর অন্তর্ভূত; সুতরাং পাঁচ বায়ু ভিন্ন দশ বায়ু বলিবার আবশ্যকতা নাই।

এই প্রাণাদি পাঁচ বায়ু মিলিত আকাশাদি পঞ্চকের রজঃ অংশ হইতে সমুৎপন্ন হইয়াছে। (যে হেতু রজঃ ভিন্ন অন্য কাহারও ক্রিয়াশক্তি নাই।)

উক্ত পাঁচ প্রকার কর্ম্মেন্দ্রিয় আর পাঁচ প্রকার বায়ু মিলিত হইলে প্রাণময়কোষ নাম প্রাপ্ত হয়।

এই সকল কোষের মধ্যে বিজ্ঞানময়-কোষটী জ্ঞান শক্তি সম্পন্ন ও কর্ত্তৃস্বরূপ; মনোময় কোষটী ইচ্ছাশক্তি-বিশিষ্ট ও কারণস্বরূপ এবং প্রাণময় কোষটী ক্রিয়া-শক্তিযুক্ত ও কার্য্যস্বরূপ; যোগ্যতা অনুসারেই এতদ্রূপ বিভাগ কল্পনা করা হইল। সম্মিলিত এই কোষত্রয়কে সূক্ষ্ম শরীর বলা যায়।

এই সূক্ষ্ম শরীরেরও বন ও বৃক্ষের ন্যায় কিংবা জলাশয় ও জলের ন্যায় সমষ্টি এবং ব্যষ্টি আছে। একত্ব বুদ্ধির বিষয় হইলে সমষ্টি; আর বহু বুদ্ধির বিষয় হইলে ব্যষ্টি। (স্থাবর জঙ্গম সমস্ত প্রাণীর সূক্ষ্ম শরীর সূত্রাত্মা নামক হিরণ্যগর্ভের বুদ্ধির বিষয় হওয়াতে সমষ্টি; আর প্রত্যেক জীবের স্বীয় স্বীয় বুদ্ধির বিষয় হওয়াতে ব্যষ্টি।)

এই সমষ্টি সূক্ষ্মশরীরোপহিত চৈতন্য, সূত্রাত্মা হিরণ্যগর্ভ ও প্রাণ নামে ব্যবহৃত হন। সূত্রের ন্যায় প্রত্যেকে অনুস্যূত বলিয়া সূত্রাত্মা এবং জ্ঞান, ইচ্ছা ও ক্রিয়া শক্তি-যুক্ত সূক্ষ্ম ভূতাভিমানী বলিয়া হিরণ্যগর্ভ ও প্রাণ।

হিরণ্যগর্ভের উপাধিস্বরূপ ঐ সমষ্টি কোষত্রয়কে (সূক্ষ্ম শরীরের সমষ্টিকে) স্থূল-জগৎ অপেক্ষা সূক্ষ্ম বলিয়া সূক্ষ্ম; বিশীর্ণ হয় বলিয়া শরীর ও জাগ্রত সংস্কাররূপতা হেতুক স্বপ্ন ও স্থূল প্রপঞ্চের প্রলয় স্থান নামে উক্ত হয়। (হিরণ্যগর্ভ বা ব্রহ্মার স্বপ্ন আর স্থূল দৃশ্যের প্রলয় একই কথা।)

ব্যষ্টি সূক্ষ্ম শরীরে উপহিত চৈতন্যের নাম তৈজস। যেহেতু তেজোময় অন্তঃকরণমাত্র তাঁহার উপাধি। (অর্থাৎ স্বপ্নকালে অন্তঃকরণ কেবল স্বীয় কল্পনা কল্পিত বিষয়ই অনুভব করে।)

তৈজসাত্মার উপাধি ব্যষ্টি অর্থাৎ প্রত্যেক সূক্ষ্মশরীরের বা

বিজ্ঞানময়াদি কোষত্রয়ের স্থূল শরীর অপেক্ষা সূক্ষ্মতা হেতু সূক্ষ্ম শরীর এবং জাগ্রৎ সংস্কাররূপতা হেতু স্বপ্ন ও স্থূল শরীরের প্রলয় স্থান বলা যায়।

সমষ্টি সূক্ষ্ম শরীরাভিমানী সূত্রাত্মা আর প্রত্যেক সূক্ষ্ম শরীরাভিমানী তৈজসাত্মা উভয়েই স্বপ্নকালে অতি সূক্ষ্ম মনোবৃত্তির দ্বারা সূক্ষ্মরূপে বিষয়ানুভব করেন। (জাগ্রৎ অনুভব যেমন স্পষ্ট বা স্থূল, স্বপ্ন অনুভব সে রূপ স্পষ্ট বা স্থূল নহে। তাহার কারণ এই যে, স্বপ্নকালের মনোবৃত্তিতে ইন্দ্রিয় বৃত্তির যোগ না থাকায় তাহা অস্পষ্ট বা সূক্ষ্মতা প্রাপ্ত হয়।) এ বিষয়ে "তৈজস ও সূত্রাত্মা সূক্ষ্ম ভোগ করেন।" এইরূপ শ্রুতি আছে।

এ স্থলেও পূর্ব্বের ন্যায় সমষ্টি ও ব্যষ্টি শরীরের বস্তুগত অভেদ এবং তদুপহিত চৈতন্যেরও অভেদ আছে। পূর্ব্বোক্ত বন বৃক্ষ ও তদবচ্ছিন্ন আকাশ এবং জলাশয় জল ও তৎপ্রতিবিম্বিত আকাশ তাহার দৃষ্টান্ত। এইরূপে সূক্ষ্ম শরীর উৎপন্ন হইয়াছে।

(এক্ষণে স্থূল প্রপঞ্চের বর্ণনা করা যাইতেছে।)

স্থূল ভূত কি?

পঞ্চীকৃত ভূত। (পাঁচ প্রকার সূক্ষ্ম ভূত পরস্পর মিশ্রিত [illegible] স্থূলতা অর্থাৎ ব্যবহার যোগ্যতা প্রাপ্ত হইয়াছে।)

[illegible]ঞ্চীকরণ কি রূপ?

(তাহা শুন) জগৎ সিসৃক্ষু পরমেশ্বর আকাশাদি পঞ্চ মহাভূতের প্রত্যেক মহাভূতকে সমান দুই ভাগে বিভক্ত করিয়া সঞ্জাত দশ ভাগের মধ্যে পুনর্ব্বার প্রত্যেকের প্রত্যেক প্রাথমিক পাঁচ ভাগকে সমান চারি ভাগ করিয়া সেই প্রত্যেক চারি চারি অংশ স্বীয় দ্বিতীয়ার্দ্ধ ভাগ পরিত্যাগ করিয়া অন্য চারি ভূতের

দ্বিতীয়ার্দ্ধভাগের সহিত মিশ্রিত করিয়াছিলেন। এতদ্রূপ মিশ্রী-করণের নাম পঞ্চীকরণ। আচার্য্য বলিয়াছেন যে, "প্রত্যেক পঞ্চ মহাভূতকে সমান দুই ভাগ করিবেক, পরে প্রত্যেক পঞ্চ মহাভূতের প্রথম ভাগকে চারিভাগ করিয়া অন্য ভূতের প্রত্যেক প্রথমাংশে ঐ চারি অংশের এক এক অংশ যোগ করিলে পঞ্চীকৃত হইবেক। পঞ্চীকরণ পক্ষে প্রমাণ নাই বলা যায় না। কারণ, পঞ্চীকরণ বোধক শ্রুতি না থাকুক, ত্রিবৃৎকরণ বোধক শ্রুতি আছে। সেই ত্রিবৃৎকরণ শ্রুতির ত্রি শব্দটী উপলক্ষ মাত্র; বস্তুতঃ পঞ্চীকরণ পক্ষেই তাহার তাৎপর্য্য, সুতরাং পঞ্চী-করণ সিদ্ধান্তটী শাস্ত্র সিদ্ধ।

পঞ্চভূত উক্তরূপে পঞ্চাত্মকতায় সমান হইলেও তাহাদের প্রত্যেককে যথাযথ আকাশাদি নামে ব্যবহার করা যায়। অর্থাৎ বায়ুতে আকাশ, জল, তেজ ও মৃত্তিকার অংশ থাকিলেও বায়ুর আধিক্য আছে বলিয়া বায়ুই বলা যায়। জলাদি পক্ষেও এইরূপ জানিবে।

সূক্ষ্ম ভূত সকল যখন পঞ্চীকৃত অর্থাৎ উল্লিখিত প্রকারে মিশ্রিত হইয়া স্থূল হইল, তখন তাহাদের স্বীয় স্বীয় গুণগুলিও তাহাতে অভিব্যক্ত হইল। আকাশে তখন শব্দ গুণ, [illegible] শব্দ ও স্পর্শ, অগ্নিতে শব্দ, স্পর্শ ও রূপ, জলে শব্দ, স্পর্শ, রূপ ও রস, মৃত্তিকাতে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ প্রকাশ পাইল। কারণের গুণ কার্য্যেই আগমন করায় শেষভূতের গুণ আধিক্য হইয়াছে।)

এই পঞ্চীকৃত বা স্থূলতা প্রাপ্ত ভূতনিচয় হইতে ক্রমে পৃথিবীলোক, অন্তরীক্ষলোক, স্বর্গলোক, মহর্লোক, জনলোক,

তপোলোক ও সত্যলোক, উপরি উপরি বর্ত্তমান এই সপ্তলোক এবং অধো অধো বিদ্যমান অতল, বিতল, সুতল, রসাতল, তলাতল, মহাতল ও পাতাল লোক উৎপন্ন হইয়াছে। ইহারই নাম ব্রহ্মাণ্ড। এই ব্রহ্মাণ্ড মধ্যে চারি প্রকার স্থূল শরীর ও তাহাদের ভোগোপযুক্ত বিবিধ অন্নপানাদি ভোগ্য বস্তু সকল উৎপন্ন হইয়াছে।

চতুর্ব্বিধ স্থূল শরীর কি কি?

জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ। জরায়ু (গর্ত্তবেষ্টন) হইতে নির্গত মনুষ্য ও পশু প্রভৃতি জরায়ুজ। অণ্ড অর্থাৎ ডিম্ব মধ্য হইতে উৎপন্ন পক্ষী ও সর্প প্রভৃতি অণ্ডজ। স্বেদ অর্থাৎ ক্লেদাদি মলপদার্থ হইতে উৎপন্ন যূক, মৎকুণ, মশক প্রভৃতি স্বেদজ। ভূমি ভেদ করিয়া উৎপন্ন তৃণ ও বৃক্ষাদি উদ্ভিজ্জ। (এই চারি শ্রেণী ভিন্ন পাঁচ শ্রেণীর শরীর পৃথিবী লোকে নাই, অন্য লোকে আছে।)

এই চারি প্রকার স্থূলশরীর ও পূর্ব্বোক্ত বনবৃক্ষের দৃষ্টান্তে কিম্বা জল জলাশয়ের দৃষ্টান্তে অভেদ বুদ্ধির বিষয় ও ভেদ বুদ্ধির বিষয় ক্রমে সমষ্টি ও ব্যষ্টি কল্পনা হইয়া থাকে। সমষ্টি স্থূল শরীরোপহিত চৈতন্য বৈশ্বানর ও বিরাট শব্দের বাচ্য। কেন-না, তাহা সর্ব্বদেহাভিমানী ও বিবিধ প্রকারে বিরাজমান।

বৈশ্বানর বা বিরাটাভিমানী চিদাত্মার উপাধিরূপ উক্ত সমষ্টিকে স্থূলশরীর, অন্নবিকার হেতু অন্নময় কোষ এবং স্থূল বা বিশিষ্ট ভোগের আয়তন বলিয়া জাগ্রৎ নামে উক্ত হয়।

তাহার ব্যষ্টি বা পৃথক্ পৃথক্ স্থূলশরীরে উপহিত চৈতন্য বিশ্বনামে অভিহিত হইয়া থাকে। যে হেতু তিনি সূক্ষ্ম

শরীরের অভিমান ত্যাগ করেন না অথচ স্থূলশরীরে প্রবিষ্ট আছেন।

এতাদৃশ ব্যষ্টিকেও স্থূলশরীর ও অন্নবিকার হেতু (খাদ্য দ্রব্যের পরিণামজনিত হওয়ায়) অন্নময়কোষ এবং স্থূলভোগের আশ্রয় বলিয়া জাগ্রৎ শব্দে উল্লেখ করা যায়।

জাগ্রৎ অবস্থায় বিশ্ব ও বৈশ্বানর উভয়েই দিক্, বায়ু, অর্ক, বরুণ ও অশ্বিনীকুমার কর্তৃক প্রেরিত হইয়া শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা ও ঘ্রাণ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের দ্বারা যথাক্রমে শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, এই পাঁচ বাহ্য বা স্থূল বিষয় অনুভব করিয়া থাকেন। দিক্, ও বায়ু প্রভৃতি শ্রোত্র প্রভৃতির অধিষ্ঠাত্রী বা অনুগ্রাহক দেবতা।

অগ্নি, ইন্দ্র, উপেন্দ্র, যম ও প্রজাপতিকর্তৃক অনুগৃহীত বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় দ্বারা যথাক্রমে কথন, গ্রহণ, গমন, পরিত্যাগ, আনন্দ (মিথুনজ আহ্লাদ) এই পাঁচ বাহ্যবিষয় অনুভব করেন।

চন্দ্র, ব্রহ্মা, শঙ্কর ও বিষ্ণু কর্তৃক নিয়ন্ত্রিত হইয়া মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত,—এই চারি অন্তরিন্দ্রিয়ের দ্বারা যথাক্রমে সঙ্কল্প, বিকল্প, নিশ্চয়, অহন্তা অর্থাৎ আমি বা আমার ইত্যাকার অভিমান এবং অনুব্যবসায় বা অনুসন্ধান—এই চারি প্রকার স্থূল বিষয় অনুভব করিয়া থাকেন। এ বিষয়ে শ্রুতি আছে যথা—"জাগ্রৎ অবস্থাস্থিত বিশ্ব ও বৈশ্বানর বাহ্য বিষয়ই জানেন।"

উল্লিখিত স্থূলব্যষ্টি ও স্থূলসমষ্টি এবং তদুভয়ের উপহিত বিশ্ব ও বৈশ্বানর, পূর্ব্বোক্ত বনবৃক্ষ ও জল জলাশয় এবং তদুপহিত [illegible]প্রতিবিম্বিত, আকাশের দৃষ্টান্তে অভেদ বুঝিতে হইবেক।

(অর্থাৎ বন যেমন বৃক্ষ হইতে ভিন্ন নহে এবং বনাবচ্ছিন্ন আকাশ যেমন বৃক্ষাবচ্ছিন্ন আকাশ হইতে ভিন্ন নহে, একই বস্তু, সেইরূপ।)

পঞ্চীকৃত পঞ্চ মহাভূত হইতে এই প্রকারে স্থূল প্রপঞ্চের উৎপত্তি হইয়াছে।

কথিত প্রকারের স্থূল সূক্ষ্ম ও কারণ সমুদায়ের প্রপঞ্চের সমষ্টিতে এক মহাপ্রপঞ্চ হয়। যেমন ক্ষুদ্র ক্ষুদ্র বনের সমষ্টিতে এক মহৎ বন ও পৃথক্ পৃথক্ জলাশয়ের সমষ্টিতে এক মহান্ জলাশয় হয়, সেইরূপ।

এই মহৎ প্রপঞ্চে উপস্থিত বৈশ্বানর, বিশ্ব হিরণ্যগর্ভ, তৈজস, ঈশ্বর ও প্রাজ্ঞ এ সমস্তই এক অভিন্ন চৈতন্য। (ভেদ ভাবটী অজ্ঞানকল্পিত, অজ্ঞানের অভাবে সমস্তই এক।) যেমন সমস্ত বনাবচ্ছিন্ন আকাশ কিম্বা সমস্ত জলাশয় প্রতিবিম্বিত আকাশ বস্তুতঃ এক, ভিন্নতাবুদ্ধিটী ঔপাধিক বা অজ্ঞানকল্পিত, সেইরূপ।

এই মহাপ্রপঞ্চ ও মহাপ্রপঞ্চোপহিত চিদাত্মা তপ্ত লৌহ পিণ্ডের দৃষ্টান্তে পরস্পর অবিবিক্ত অর্থাৎ একবস্তুরূপে প্রতীয়মান সেই অনুপহিত অর্থাৎ বিশুদ্ধ মহান্ চৈতন্য "এই দৃশ্যমান সমস্ত ব্রহ্মাণ্ডই ব্রহ্ম" এই অদ্বৈতবোধক মহাবাক্যের বাচ্যার্থ, আর বিবিক্ত অর্থাৎ দৃশ্যভাগ অলীক, অভিন্নরূপ চৈতন্যভাগই সত্য; এইরূপ পৃথক্ ভাব জ্ঞাত হইলে তাহা তাঁহার লক্ষ্যার্থ বলিয়া গণ্য করা যায়।

পূর্ব্বে বলা হইয়াছে, বস্তুতে অবস্তুর অর্থাৎ অসৎ পদার্থের আরোপ অর্থাৎ কল্পনার নাম অধ্যারোপ, তাহা সাধারণরূপে

বর্ণিত হইল। (একমাত্র সৎস্বরূপ নির্ব্বিকার চিরনিত্য অখণ্ড চৈতন্যের উপর কথিত প্রকারের ব্রহ্মাণ্ডরূপ অবস্তু অর্থাৎ অসৎ পদার্থের কাল্পনিক সৃষ্টি হইয়াছে, ইহাই অধ্যারোপ বর্ণনার তাৎপর্য্য।) এক্ষণে মূঢ়েরা প্রতি শরীরবর্ত্তী তাদৃশ পরমাত্মাতে যে সকল বিশেষ বিশেষ আরোপ করিয়া থাকে, সেই সকল বিশেষ আরোপের কথা বলা যাইতেছে। (ইহাই তত্ত্বজ্ঞানের বিশেষ উপযোগী।)

অতি স্থূলদৃষ্টি মূঢ়েরা "আত্মাই পুত্ররূপে জন্ম গ্রহণ করেন" এই শ্রুতি প্রমাণ দিয়া বলে যে, পুত্র মনুষ্যের বহিশ্চর আত্মা। আপন আত্মা যেমন প্রীতির আধার, পুত্রও তেমনি বা ততোধিক প্রীতির আধার। পুত্র ভাল থাকিলে আমি ভাল আছি এবং পুত্রের মন্দ হইলে আমি গেলাম, এইরূপ অনুভব হওয়াই তৎপক্ষে প্রমাণ।

এতদপেক্ষা কিঞ্চিৎ বুদ্ধিশালী চার্ব্বাকেরা এই স্থূল দেহকেই আত্মা মনে করে। তাহারাও "এই সে আত্মা, যাহা অন্ন রসের বিকার" এই শ্রুতি প্রমাণ দেয়। এবং যুক্তি বলে যে, যখন দেখা যায়, প্রাণী সকল গৃহে অগ্নি লাগিলে পুত্রকে ত্যাগ করিয়া দেহ রক্ষা করে এবং দেহ স্থূল বা কৃশ হইলে আমি স্থূল, আমি কৃশ বলিয়া অনুভব করে, তখন এই স্থূল শরীরই আত্মা, পুত্র আত্মা নহে।

তদপেক্ষা কিঞ্চিৎ পরিষ্কার বুদ্ধি অন্য এক চার্ব্বাক বলেন যে, স্থূল শরীর আত্মা নহে, ইন্দ্রিয় সমষ্টিই আত্মা। ইহারাও, "সেই সকল ইন্দ্রিয়গণ প্রজাপতির নিকট গিয়া জিজ্ঞাসা করিল, আমাদের মধ্যে আত্মা কে" এই শ্রুতিটী প্রমাণ স্থলে উল্লেখ করিয়া

থাকে। এবং আরও বলে যে, যখন ইন্দ্রিয়ের অভাবে শরীর নিস্পন্দ ও বিধ্বস্ত হয় এবং চক্ষুর অভাবে আমি কাণা, শ্রবণের অভাবে আমি বধির, এইরূপ জ্ঞান হয়, তখন শরীর আত্মা নহে, ইন্দ্রিয় সমষ্টিই আত্মা।

অপেক্ষাকৃত কিঞ্চিৎ সূক্ষ্ম বুদ্ধি অন্য একদল চার্ব্বাক বলেন যে, ইন্দ্রিয় আত্মা নহে, প্রাণই আত্মা। কারণ প্রাণ না থাকিলে সকল ইন্দ্রিয়ই নিষ্ক্রিয় হয়, এবং প্রাণ থাকাতেই আমি ক্ষুধার্ত্ত, আমি তৃষ্ণার্ত্ত, এইরূপ প্রাণ ধর্ম্ম সকল অনুভব হয়, সুতরাং প্রাণই আত্মা। ইহারাও "অন্যোঽন্তরাত্মা প্রাণময়" এই শ্রুতি প্রমাণ দেয়।

এতদপেক্ষা কিঞ্চিৎ মার্জ্জিত বুদ্ধি অন্য এক সম্প্রদায় চার্ব্বাক বলেন যে, প্রাণও আত্মা নহে। কারণ এই যে, যখন মন শয়ন করিলে অর্থাৎ লয় প্রাপ্ত হইলে প্রাণেরও অভাব হয়, মন না থাকিলে আমি ইচ্ছা করি, আমি কল্পনা করি, আমি মনে করি, ইত্যাদিরূপ অনুভব হয় না, তখন মনই আত্মা। মন যে আত্মা, ইহাতেও শ্রুতি প্রমাণ আছে। যথাঃ—"অন্তরাত্মা ইন্দ্রিয়াদি হইতে ভিন্ন, তিনি মনঃ স্বরূপ।"

চার্ব্বাক অপেক্ষা সূক্ষ্ম বুদ্ধি বৌদ্ধ বলেন যে, মন আত্মা নহে, বিজ্ঞানই আত্মা। বিজ্ঞানই যে আত্মা, এ বিষয়ে শ্রুতি প্রমাণ এই যে, "অন্তরাত্মা মন হইতে ভিন্ন, তিনি বিজ্ঞানময়।" এ বিষয়ে যুক্তি এই যে, মন ও ইন্দ্রিয় সকল জ্ঞানরূপ ক্রিয়ার করণ; (যে কারণের ব্যাপারের পর কার্য্য নিষ্পত্তি হয়, তাহার নাম করণ। যেমন ছেদনরূপ ক্রিয়ার করণ অস্ত্র) কিন্তু কর্ত্তা না থাকিলে, কর্ত্তা স্বকীয় ব্যাপার, করণের উপর প্রয়োগ না

করিলে, করণ কিছুই করিতে পারে না। মন যখন করণ, তখন মনকে প্রয়োগ করে, এরূপ কোন কর্ত্তা আছে সন্দেহ নাই। সে কর্ত্তা কে? না—বিজ্ঞান অর্থাৎ বুদ্ধি। বুদ্ধিই আমি কর্ত্তা, আমি ভোক্তা, ইত্যাদি প্রকার অনুভব করিয়া থাকে। বুদ্ধিই মনকে ও ইন্দ্রিয়দিগকে চালনা করিয়া থাকে সুতরাং বুদ্ধিই আত্মা।

প্রভাকর (এক সম্প্রদায় মীমাংসক) ও তার্কিকগণ (নৈয়ায়িক) বলেন যে, অজ্ঞান নামক পদার্থই বুদ্ধির অধিকরণ দ্রব্য। শ্রুতি এই অজ্ঞানকেই "অন্তরাত্মা বুদ্ধি হইতে ভিন্ন, এবং তিনি আনন্দময়" এইরূপে আত্মা বলিয়াছেন। সুষুপ্তিকালে যখন বুদ্ধিও থাকে না, অজ্ঞানে লয় হয়, এবং "আমি অজ্ঞ" এইরূপ অনুভব হয়, তখন অজ্ঞানই আত্মা।

ভট্ট নামক একজন মীমাংসক বলেন যে, নিরবচ্ছিন্ন অপ্রকাশ স্বরূপ জড় অজ্ঞান কোন ক্রমেই আত্মা নহে, অজ্ঞান উপহিত চৈতন্যই আত্মা। কেন-না, সুষুপ্তিতে প্রকাশ অপ্রকাশ উভয় রূপই থাকে। সুষুপ্তিকালে যখন অজ্ঞানের খদ্যোতিকার ন্যায় (চিৎ অচিৎ) উভয় রূপতা অনুভূত হয়, তখন অজ্ঞান ও চৈতন্য এই দুয়ের একীভাবই আত্মা। এ বিষয়ে শ্রুতি প্রমাণও আছে। যথা—"প্রজ্ঞানঘন আনন্দময় আত্মা।" এ বিষয়ে লোকের অনুভব "আমি আমাকে জানি না" এইরূপই হইয়া থাকে।

অন্য এক বৌদ্ধ বলেন যে, সমস্তের অভাব অর্থাৎ শূন্যই আত্মা। কেন-না, সুষুপ্তিতে কিছুই থাকে না, শূন্যাবশেষ হয়। সুপ্তোত্থিত লোক, "নাহমাসং আমি ছিলাম না" এইরূপ স্মরণ

হইয়া থাকে। শ্রুতিতেও এইরূপ উক্তি আছে। যথাঃ—"এই নামরূপাত্মক জগৎ পূর্ব্বে অসৎ অর্থাৎ শূন্যই ছিল।" অতএব শূন্যই আত্মা।

অজ্ঞানান্ধ ব্যক্তিগণ এইরূপে পুত্র হইতে শূন্য পর্য্যন্তকে আত্মা বলে। এক্ষণে উহার কেহই যে আত্মা নহে, তাহাই প্রদর্শিত হইতেছে।

পূর্ব্বোক্ত মূঢ়দিগের কথিত পুত্র, দেহ, ইন্দ্রিয়, প্রাণ, মন, বুদ্ধি ও শূন্য ইঁহার কেহই যে আত্মা নহে, সমস্তই অনাত্মা, তাহা তাহারাই নিজে খণ্ডন করিয়াছে। সুতরাং কথিত পুত্রাদি শূন্য পর্য্যন্তের অনাত্মতা স্পষ্টই প্রকাশ পাইতেছে।

এ বিষয়ে আমরাও বলিতেছি যে, "প্রতি শরীরবর্ত্তী পরমাত্মা স্থূল নহে, ইন্দ্রিয় নহে, প্রাণ নহে, মন নহে, কর্ত্তা নহে। আত্মা সৎ ও বিশুদ্ধ চৈতন্য স্বরূপ।" এই শ্রুতি পূর্ব্বোক্ত প্রতিপক্ষগণের উদাহৃত শ্রুতি অপেক্ষা প্রবল সুতরাং সেই সেই দুর্ব্বল শ্রুতি ইহার নিকট বাধিত অর্থাৎ তাহাদের যথাশ্রুত অর্থ অগ্রাহ্য। তাহারা যে যুক্তি [illegible] বলিয়াছে, তাহাও (সকল নহে) বাধিত অর্থাৎ "পুত্রাদি শূন্য পর্য্যন্ত সমস্তই জড়; যে জড় সে নিজে প্রকাশ পায় না,—তাহার অস্তিত্ব কোন এক স্বতঃসিদ্ধ স্বপ্রকাশ পদার্থই প্রকাশ করে; সেই স্বপ্রকাশ বস্তু কি? না চৈতন্য। যে যে চৈতন্যের প্রকাশ্য, সেই সেই বস্তু অনিত্য অর্থাৎ নশ্বর। ঘট পট গৃহ ইত্যাদি যেমন জড় ও নশ্বর, সেইরূপ পুত্রাদিও জড় বলিয়া নশ্বর।" এই যুক্তির নিকট বাধিত অর্থাৎ সে সকল প্রকৃত যুক্তি নহে,—যুক্তির মতন একটা কথা মাত্র,—তাহারা যে, "আমি কাণা, আমি খঞ্জ, আমি ইচ্ছা করি,"

ইত্যাদি প্রকারে আত্মার অনুভব করে, সে অনুভবও অসৎ। কেন না তাহারা মূঢ়। যাঁহারা বিদ্বান্, তাঁহারা অনুভব করেন, "আমি ব্রহ্ম"। বিদ্বানের অনুভবের নিকট মূঢ়ের অনুভব অকিঞ্চিৎকর এবং প্রাকৃত ব্যক্তির অনুভব অপেক্ষা তত্ত্ববিৎদিগের অনুভব যে প্রবল, তাহা বলা বাহুল্য। এই সকল কারণে পুত্রাদি শূন্য পর্য্যন্ত কেহই আত্মা নহে, সমস্তই অনাত্মা। তবে আত্মা কি? না—সেই সেই পদার্থের, কিম্বা যে কোন পদার্থ বলিবে সমস্ত পদার্থেরই, প্রকাশক নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত ও সৎ স্বরূপ প্রতি শরীরোপহিত চৈতন্যই আত্মা; যথার্থ আত্মা। ইহা বেদান্তবেত্তাদিগের অনুভবসিদ্ধ।

ইতিপূর্ব্বে যে অধ্যারোপ ও অপবাদের কথা বলা হইয়াছে, তন্মধ্যে অধ্যারোপ প্রণালীটি বলা হইল। এক্ষণে অপবাদ কি? তাহা বলিতেছি।

অপবাদ অর্থাৎ জড়-পদার্থের মিথ্যাত্ব বোধন। পূর্ব্বোক্ত অধ্যারোপ প্রণালীর বিপরীত ক্রমে জড়-পদার্থের মিথ্যাত্ব দেখান। অর্থাৎ কার্য্য সকল মিথ্যা, কারণই সত্য, ইহা প্রদর্শন করা। মৃত্তিকা হইতে ঘট জন্মে, সুবর্ণ হইতে কুণ্ডল জন্মে, এস্থলে ঘট মিথ্যা—মৃত্তিকাই সত্য এবং কুণ্ডল একটা কথা, কারণীভূত সুবর্ণই সত্য। এইরূপ রজ্জুবিবর্ত্ত সর্প মিথ্যা, রজ্জুই সত্য। এতদ্দৃষ্টান্তে বস্তু বিবর্ত্ত অবস্তু সকল মিথ্যা, বস্তুই সত্য অর্থাৎ চিদাত্মাতে অজ্ঞানকল্পিত জগৎ প্রপঞ্চ সমস্তই মিথ্যা, চিদাত্মাই সত্য। (বিবর্ত্ত কি? তাহা শুন।) জ্ঞানিগণ বলিয়াছেন যে, কার্য্য দুই প্রকার। এক বিকার, আর বিবর্ত্ত। যে কারণ স্বরূপচ্যুত হইয়া কার্য্য জন্মায়, সেই কার্য্যের নাম বিকার।

পরিণাম এবং তাদৃশ কারণের নাম বিকারী বা পরিণামী ও উপাদান। যেমন দুগ্ধ আর দধি। এবং যে কারণটী স্বরূপচ্যুত না হইয়া কার্য্য উৎপন্ন করে, সেই কার্য্য বা জন্ম-বস্তুর নাম বিবর্ত্ত এবং তাদৃশ কারণের নাম বিবর্ত্তাধিষ্ঠান। যেমন রজ্জু ও সর্প। ফল কথা এই যে, ভ্রম-কল্পিত পদার্থ মাত্রই বিবর্ত্ত। চিদাত্মারূপ অধিষ্ঠানে জগৎ বিবর্ত্তিত হইতেছে, জন্মিতেছে না। অজ্ঞানই বিকারী, পরিণামী বা দৃশ্য বস্তুর উপাদান। চিদাত্মা কেবল সন্নিধিরূপে নিমিত্ত কারণ। (সর্পভ্রম নিবৃত্ত হইলে যেমন কেবল রজ্জুমাত্র অবশিষ্ট থাকে, সেইরূপ, জগৎভ্রম নিবৃত্ত হইলেই চিন্মাত্র অবশিষ্ট থাকে।) জগৎপ্রপঞ্চ যেরূপ স্ব স্ব কারণে লীন হইয়া ব্রহ্ম মাত্র অবশিষ্ট থাকিবে তাহা বলিতেছি। স্থূল-ভোগের আয়তন চতুর্ব্বিধ স্থূল শরীর, তদ্ভোগ্য অন্ন পানাদি, এই সমুদায়ের আধার পৃথিব্যাদি চতুর্দ্দশ ভুবন, সমুদায়ের আশ্রয় ব্রহ্মাণ্ড, এ সমস্তই স্বীয় উপাদান কারণে লীন হইয়া পঞ্চীকৃত পঞ্চ মহাভূত মাত্র অবশিষ্ট হয়। (মহা প্রলয়ে ও বিবেক জ্ঞানকালে।)

পরে শব্দ স্পর্শাদি বিষয়ের সহিত সেই সকল পঞ্চীকৃত ভূত ও সূক্ষ্মশরীর সকলও নিবৃত্ত হইয়া স্বকারণ অপঞ্চীকৃত পঞ্চ মহাভূতে পরিণত হয় অর্থাৎ সূক্ষ্ম ভূত মাত্র অবশিষ্ট থাকে।

অনন্তর, সত্ত্বাদিগুণবিশিষ্ট সেই অপঞ্চীকৃত পঞ্চ মহাভূত সকল উৎপত্তির বিপরীত ক্রমে (অর্থাৎ পৃথিবী-ভূত জলে, জল-ভূত তেজে, তেজোভূত বায়ুতে, বায়ু-ভূত আকাশে এবং আকাশ-ভূত অজ্ঞানে), লীন হইলে তখন কেবল অজ্ঞানোপহিত চিদাত্মা মাত্র অবশিষ্ট থাকে।

সেই অজ্ঞান ও তদুপহিত চৈতন্য এবং তাহার ঈশ্বরত্বাদি সমস্তই তাহাদের অধিকরণ স্বরূপ অনুপহিত চৈতন্য মাত্র অবশিষ্ট হয়। সেই অনুপহিত চৈতন্যের নাম তুরীয় ও ব্রহ্ম। (এইরূপ প্রণালীর নাম অপবাদ।)

উক্ত প্রকারের অধ্যারোপ ও অপবাদ নামক যুক্তির স্বরূপ বর্ণনা করাতে তৎপদার্থের ও ত্বং পদার্থের শোধন সিদ্ধ হইল। (বেদে যে "তৎ, ত্বং" অর্থাৎ তিনিই তুমি এই দুই শব্দের দ্বারা একাত্মবাদের উপদেশ আছে, সেই দুই শব্দের শোধন অর্থাৎ প্রকৃত প্রতিপাদ্য নির্ণয় করা হইল।) কি রূপে? তাহা শুন। অজ্ঞান, সূক্ষ্মশরীর ও স্থূলশরীরের সমষ্টি, আর যথাক্রমে তদুপহিত চৈতন্য অর্থাৎ ঈশ্বর, হিরণ্যগর্ভ ও বিরাট চৈতন্য, এবং অনুপহিত অর্থাৎ বিশুদ্ধ ব্রহ্ম চৈতন্য, এই তিন প্রতপ্তলৌহগুলিকার ন্যায় একত্ব পুরস্কারে জ্ঞান গোচর হইলে তাহা তৎ-শব্দের বাচ্যার্থ হয়। অর্থাৎ উক্ত তিনের ভিন্নতা বিবেচনা না করিয়াই শাস্ত্রে তৎ শব্দের প্রয়োগ হইয়া থাকে। (তাবার্থ এই যে, ঈশ্বরাদি বুঝাইবার জন্য শাস্ত্রকারেরা তৎ শব্দ প্রয়োগ করিয়া থাকেন, কিন্তু বিবেচনা করিয়া দেখিলে ঐ তৎ শব্দের তাদৃশ অর্থ সত্য হয় না। কেন-না, বিবিক্ত জ্ঞানের নিকট তাঁহার প্রকৃত অর্থ ব্রহ্ম চৈতন্যে গিয়া পর্য্যবসিত হয়। সেই বিবেচিত অর্থটী উহার লক্ষ্যার্থ বলিয়া উক্ত হইয়া থাকে।

এইরূপ অজ্ঞানাদির ব্যষ্টি অর্থাৎ ব্যষ্টি অজ্ঞান, ব্যষ্টি সূক্ষ্ম-শরীর, ব্যষ্টি স্থূল শরীর, তদুপহিত প্রাজ্ঞ, তৈজস ও বিশ্ব এবং তৎসমুদায়ের আশ্রয়ীভূত অনুপহিত তুরীয় ব্রহ্ম নামক চৈতন্য, এই তিন, দগ্ধলোহ-পিণ্ডের ন্যায় অপৃথক্‌রূপে অর্থাৎ অবিবিক্ত-

রূপে 'ত্বং' অর্থাৎ তুমি শব্দের বাচ্যার্থ এবং পৃথক্ কৃত রূপে, নিরবচ্ছিন্ন আনন্দরূপ চৈতন্ত তাহার লক্ষ্যার্থ বলিয়া সিদ্ধান্তিত হয়।

গুরু যে তৎ ও ত্বং শব্দের দ্বারা ব্রহ্ম চৈতন্তের বোধ করাই-বেন, সেই তৎ ও ত্বং শব্দের বাচ্যার্থ ও লক্ষ্যার্থ বলা হইল; এক্ষণে উক্ত মহাবাক্যের অর্থাৎ তত্ত্বমসি বাক্যের যেরূপে অর্থ গ্রহণ করিতে হইবে, তাহা বর্ণনা করা যাউক।

পৃথক্ পৃথক্ শব্দের নাম পদ, বহু পদ একত্র হইয়া যে একটী বস্তু বুঝাইয়া দেয়, তাহার নাম বাক্য। মহৎ অর্থাৎ ব্রহ্ম পদার্থের বোধক যে বাক্য, তাহার নাম মহাবাক্য। শ্বেত, সূক্ষ্ম, বস্ত্র, এই তিনটী পদ বা শব্দ একত্র হইয়া, এক বিশেষ বস্তু-রূপ পদার্থের বোধ জন্মাইলে তাহা বাক্য হইবে, নচেৎ শব্দ মাত্র থাকিবেক। শব্দের উচ্চারণ করিলেই যে অর্থ বোধ হয়, তাহা হয় না। তাহা যোগ্যতা, আসত্তি ও আকাঙ্ক্ষা অনুসারে উচ্চারিত হইলেই অর্থ বোধক হয়, নচেৎ হয় না। সম্বন্ধজ্ঞানের ব্যাঘাত না থাকার নাম যোগ্যতা; ঠিক্ পর পর উচ্চারণ করার নাম আসত্তি এবং জিজ্ঞাসার উদ্রেক থাকার নাম আকাঙ্ক্ষা। চন্দ্র প্রস্তর এই বাক্যে যোগ্যতা নাই, কেন-না, চন্দ্রে প্রস্তর বুদ্ধি জন্মিবার ব্যাঘাত আছে। এখন বলিলে শ্বেত, আর ৪ দণ্ড পরে বলিবে বস্ত্র, এরূপ হইবে যে, অর্থবোধক হইবে তাহা নহে। কেন-না আসত্তি নাই। অতএব যাহাতে শব্দ সকলের পরস্পর সঙ্গতি থাকে, এরূপ ভাবে উচ্চারিত হইলেই তাহা অর্থবোধক হয়, অসঙ্গত বাক্য অর্থবোধক হয় না। যে যে স্থলে অসঙ্গত বাক্য শুনিবে সেই সেই স্থলে সঙ্গতির জন্য কতক ছাড়িয়া দিয়া

কোথাও বা কিছু বাড়াইয়া লইয়া অর্থগ্রহ করিতে হইবে। ছাড়িয়া দেওয়া বা বাড়াইয়া লওয়াকে লক্ষণা বলে। লক্ষণার দ্বারা যে অর্থের উদ্বোধ হয়, তাহাকে লক্ষ্যার্থ বলে। একটা কালো যাইতেছে বলিলে কালো অর্থাৎ কৃষ্ণবর্ণ জীব, এতদূর বাড়াইয়া অর্থ বোধ করিতে হয়। সেই এই রাম বলিলে, দর্শনের কাল দেশ প্রভৃতি ছাড়িয়া দিয়া কেবল পূর্ব্ব দৃষ্ট মনুষ্যই, বুঝিতে হইবে। এই সকল নিয়ম সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে। লৌকিক বাক্যের ন্যায় শাস্ত্রবাক্যও ঐ রূপ নিয়মের অধীন। শাস্ত্রে যে ব্রহ্মাত্মবোধক বাক্য আছে, তাহাও ঐ নিয়মের অধীন। কি রূপ প্রণালীতে তাদৃশ মহাবাক্য সকলের অর্থবোধ করিতে হয়, এবং মহাবাক্যস্থ পদ সকলের পরস্পর কিরূপ সম্বন্ধ রাখিলে অখণ্ড অর্থাৎ কেবল চিৎস্বরূপ অর্থটী বুদ্ধিরূঢ় হয়, তাহা বর্ণনা করা আবশ্যক। ছান্দোগ্য ব্রাহ্মণের ষষ্ঠ অধ্যায়ে শ্বেতকেতু নামক এক ঋষিবালককে তদীয় গুরু অগ্রে জগৎ ও জগৎকর্ত্তার উপদেশ দিয়া অবশেষে উপদেশ দিলেন যে, "তৎ ত্বং" অসি অর্থাৎ পূর্ব্বোপদিষ্ট জগৎকারণ তুমি বর্ত্তমান। শ্বেতকেতু সেই তত্ত্বমসি বাক্যের দ্বারা যে, কিরূপে জগৎ কারণোপলক্ষিত চৈতন্য আর জীবচৈতন্যের একত্ব বুঝিতে পারিয়াছিলেন, তাহা বর্ণিত হইতেছে।

তত্ত্বমসি বাক্যটী তিন প্রকার সম্বন্ধের দ্বারা অখণ্ড অর্থাৎ নির্ব্বিশেষ ব্রহ্ম চৈতন্য মাত্রের অবরোধক হয়।

তিন প্রকার সম্বন্ধ কি কি? দুইপদের সামানাধিকরণ্য অর্থাৎ এক অধিকরণ বা এক অর্থে বৃত্তিমান্ থাকা, পদার্থ দ্বারা বিশেষ্য বিশেষণ ভাব, ও লক্ষ্য লক্ষণরূপ সম্বন্ধ। এই তিন। তন্মধ্যে

প্রত্যেক্ চৈতন্যটী লক্ষণা দ্বারা বোধ্য। ঐ দুই পদ তাহার লক্ষণ। শাস্ত্রেও এইরূপ উক্ত হইয়াছে যথাঃ—"প্রত্যগাত্মা" পদ ও তাহার অর্থের একাধিকরণতা, বিশেষণ বিশেষ্য-ভাব এবং লক্ষ্য-লক্ষণ ভাব, এই তিন প্রকার সম্বন্ধ আছে।

সামান্যাধিকরণ্য সম্বন্ধে দৃষ্টান্ত যথাঃ—'সেই দেবদত্ত এই' এই বাক্যে যেমন পূর্ব্বকালে দৃষ্ট দেবদত্তের বোধক 'সেই' শব্দ, আর এতৎকালের দৃষ্ট দেবদত্তের বোধক 'এই' শব্দ, এই দুই শব্দেরই এক দেবদত্ত ব্যক্তিতে তাৎপর্য্য অর্থাৎ বোধ্যরূপ সম্বন্ধ আছে, সেইরূপ "তৎ ত্বং অসি" এই বাক্যেরও অনমুভূত ঈশ্বরাদি চৈতন্য-বোধক তৎশব্দ, আর স্বয়ং অনুভূত স্বচৈতন্যের বোধক ত্বং শব্দ, এই উভয় শব্দেরই এক মাত্র চৈতন্য পদার্থে তাৎপর্য্য বুঝিতে হইবেক। অর্থাৎ তৎ শব্দের তাৎপর্য্য ঈশ্বর চৈতন্যে, আর ত্বং শব্দের তাৎপর্য্য জীব চৈতন্যে।

বিশেষণ বিশেষ্য ভাব সম্বন্ধের অর্থ এই যে, পূর্ব্বোক্ত "সেই দেবদত্ত এই" এই লৌকিক বাক্যস্থ 'সেই' শব্দের অর্থ পূর্ব্ব-দৃষ্ট দেবদত্ত, আর 'এই' শব্দের অর্থ বর্ত্তমান দৃষ্ট দেবদত্ত, এই দুই অর্থ অর্থাৎ (দেবদত্ত নামক ব্যক্তি) যেমন পরস্পর পরস্পরের বিশেষণ ও বিশেষ্য হয়, অর্থাৎ উক্ত উভয় অর্থই উভয়ের ভিন্নতা নিবারণ করিয়া এক দেবদত্তকেই বুঝায়, সেইরূপ 'তত্ত্বমসি' বাক্যস্থ অপ্রত্যক্ষ ঈশ্বরাদি চৈতন্যরূপ তৎপদার্থ, আর প্রত্যক্ষ জীব চৈতন্যরূপ ত্বং পদার্থ, এই উভয় অর্থই (বস্তু) পরস্পর পরস্পরের বিভিন্নতা দূর করিয়া পরস্পর পরস্পরের বিশেষণ ও বিশেষ্য হয়। যাহা বস্তুর নানাত্ববোধ নিবারণ

করিয়া একটী মাত্র বস্তু বুঝাইয়া দেয়, তাহার নাম বিশেষণ এবং সেই বোধ্য বস্তুটী তাহার বিশেষ্য। যেমন পদ্ম বলিতে শ্বেত রক্ত নীল নানা প্রকার পদ্মের জ্ঞান জন্মে; কিন্তু নীল কি রক্ত শব্দের যোগে উচ্চারণ করিলে মাত্র শ্বেতপদ্ম অথবা রক্তপদ্মের জ্ঞান হইবেক। এস্থলে নীল শব্দটী ভিন্ন ভিন্ন পদ্মের জ্ঞান হওয়া নিবারণ করিল বলিয়া বিশেষণ হইল এবং পদ্ম শব্দটী তাহার বিশেষ্য হইল। এইরূপ, 'সেই' শব্দ ও 'এই' শব্দ ভিন্ন ভিন্ন ব্যক্তির বোধ হওয়া নিবারণ করিয়া, একমাত্র দেবদত্ত ব্যক্তিকে জ্ঞানে উপস্থিত করিয়া দেয় বলিয়া ঐ দুই শব্দও বিশেষণ এবং দেবদত্ত ব্যক্তি বিশেষ্য হওয়ার ন্যায়, 'তৎ' ও 'ত্বং' এই দুই শব্দও চৈতন্যের ভিন্নতা বোধ নিবারণ করিয়া অভেদ বোধ করায় বলিয়া এই দুই শব্দও পরস্পর বিশেষণ ও বিশেষ্য বুঝিতে হইবেক।)

লক্ষ্য লক্ষণ সম্বন্ধের সঙ্গতি এইরূপ বুঝিতে হইবে যে, যেমন পূর্ব্বোক্ত 'সেই দেবদত্ত এই' এতদ্বাক্যের 'সেই' আর 'এই' শব্দ উভয় শব্দের যথাক্রমে পূর্ব্বকালে দৃষ্টত্ব আর বর্ত্তমান-কাল দৃষ্টত্ব এই উভয়বিধ অর্থ পরস্পর বিরুদ্ধ বলিয়া পরিত্যজ্য অর্থাৎ ঐ দুই অর্থ পরিত্যাগ করিয়া কেবল অবিরুদ্ধ দেবদত্তই উহার লক্ষ্য অর্থাৎ কেবল দেবদত্ত ব্যক্তিকেই বুঝিতে হয়, সেইরূপ তত্ত্বমসি বাক্যেও তৎ ও ত্বং এই উভয় পদের বিরুদ্ধার্থ সকল পরিত্যাগ করিয়া (ঐ প্রত্যক্ষতা ও প্রত্যক্ষতা এক নহে বলিয়া ঐ দুই অর্থ বিরুদ্ধ সুতরাং ঐ দুই অর্থের পরিত্যাগ) কেবল অবিরুদ্ধ চৈতন্য মাত্রই উহার লক্ষ্য অর্থ বুঝিতে হয়। 'সেই দেবদত্ত এই' এই শব্দটী লক্ষণ আর

দেবদত্ত ব্যক্তি লক্ষ্য। তত্ত্বমসি বাক্যটীও লক্ষণ আর চৈতন্য বস্তুটী লক্ষ্য। এইরূপ লক্ষ্য-লক্ষণভাব সম্বন্ধের নাম 'ভাগ লক্ষণা'।

'নীল পদ্ম' এই বাক্যের অর্থসঙ্গতি যে প্রকারে হয়, তত্ত্বমসি বাক্যের অর্থসঙ্গতিটী সেই প্রকারে হয় না। যথাঃ— 'নীলপদ্ম' এতদ্বাক্যের নীল শব্দের অর্থ নীল গুণ, আর পদ্ম শব্দের অর্থ তন্নামক দ্রব্য। এই দুইটী পরস্পর পরস্পরের বহু প্রকারতা নিবারণ করে বলিয়া (কেবল নীল বলিলে ঘট, পট, মঠ, বস্ত্র, পদ্ম নানা প্রকার উপস্থিত হয় এবং কেবল পদ্ম বলিলেও শ্বেত, লোহিত, নীল নানা প্রকার পদ্ম মনে হয়; কিন্তু নীল-পদ্ম বলাতে সেই সেই নানাত্ব বুদ্ধির নিবৃত্তি হয়) পরস্পর বিশেষণ বিশেষ্য ভাব প্রাপ্ত হইতে পারে। কেন-না, তদুভয় এক আধারে থাকার পক্ষে কোন প্রতিবন্ধক নাই, কিন্তু তত্ত্বমসি বাক্যের তৎ-শব্দার্থ অপ্রত্যক্ষ চৈতন্য, আর তং-শব্দার্থ প্রত্যক্ষ চৈতন্য, এই দুই অর্থের পরস্পর পরস্পরের ভিন্নতা বোধ নিবারণ করিলেও (বিশেষণ বিশেষ্য ভাব স্বীকার করিলেও) বস্তুতঃ উক্ত উভয়ের ঐক্য অর্থাৎ সেই দুই চৈতন্য যে এক বস্তু এরূপ জ্ঞান হওয়ার পক্ষে প্রতিবন্ধক আছে; সুতরাং উক্ত উভয়ের বিশেষণ বিশেষ্য ভাব হওয়া পক্ষেও ব্যাঘাত আছে। ব্যাঘাত কি? অপ্রত্যক্ষাদি প্রমাণের বিরোধ। মনে কর, যিনি অপ্রত্যক্ষ চৈতন্য, তিনি সর্ব্বজ্ঞ। আর যাঁহাকে প্রত্যক্ষ চৈতন্য বলিয়াছি, তিনি কিঞ্চিৎজ্ঞ অর্থাৎ অত্যল্প জ্ঞানশালী। সুতরাং যুক্তিতে উক্ত উভয় কখনই এক হইতে পারে না, প্রত্যক্ষেও অনুভব করান যায় না। সেই কারণেই উক্ত নীল গুণবিশিষ্ট

পদ্মের ন্যায় অপ্রত্যক্ষ-চৈতন্য-বিশিষ্ট প্রত্যক্ষ চৈতন্য, এরূপ অর্থও সঙ্গত হয় না।

"গোপ গঙ্গায় বাস করিতেছে" এই বাক্যে যেমন জহল্লক্ষণা (জহৎ অর্থাৎ ত্যাগ। শব্দের প্রকৃত অর্থ পরিত্যাগ করিয়া তৎসংক্রান্ত কোন এক বস্তুতে অর্থ স্বীকার করার নাম জহল্লক্ষণা ও জহৎ-স্বার্থ লক্ষণা) অর্থ সঙ্গত হয়, কিন্তু তত্ত্বমসি বাক্যে জহল্লক্ষণা হইতে পারে না। বিবেচনা কর, গঙ্গা শব্দের লোক প্রসিদ্ধ অর্থ জলপ্রবাহ। তাহাতে বাস করা সম্ভবে না। কেন-না, জলরাশি গোপ নামক মনুষ্যজাতির আধার, আর জলের আধেয় গোপ, এরূপ অর্থ প্রমাণ বিরুদ্ধ। সুতরাং শ্রোতার বুদ্ধি, গঙ্গার জলপ্রবাহ রূপ অর্থ পরিত্যাগ করিয়া তৎসংক্রান্ত তীর কি নৌকায় গিয়া পর্য্যবসিত হয়; কাযে কাযেই গঙ্গা শব্দার্থের তীর বা নৌকা অর্থ করা যুক্তিযুক্ত এবং জহল্লক্ষণাও সুসঙ্গত। কিন্তু তত্ত্বমসি বাক্যের সেরূপ অর্থ করিবার কোন কারণ নাই। কেন নাই?

বিবেচনা কর, প্রত্যক্ষ চৈতন্য আর অপ্রত্যক্ষ চৈতন্য এই উভয় চৈতন্যের চৈতন্যগত একতা পক্ষে কোন বিরোধ নাই, কেবল প্রত্যক্ষ অপ্রত্যক্ষ বোধক অংশেই বিরোধ আছে। যাহা বিরুদ্ধ তাহাই বাক্যার্থ সঙ্গতির জন্য পরিত্যাগ কর; নচেৎ গঙ্গা শব্দের ন্যায় তৎ ও ত্বং শব্দের সমস্ত স্বার্থ পরিত্যাগ করিয়া সম্পূর্ণ এক নূতন বস্তুতে লক্ষণা করা অযুক্ত। অযুক্ত বলিয়া জহল্লক্ষণাই করা অসঙ্গত।

ভাল, এইরূপ হউক যে, গঙ্গা শব্দ যেমন আপন অর্থ (জল) পরিত্যাগ করিয়া তীর বা তৎসংসৃষ্ট নৌকারূপ অর্থকে

লক্ষ্য করে, সেইরূপ তৎশব্দও আপন অর্থ পরিত্যাগ করিয়া ত্বং শব্দের অর্থ লক্ষ্য করুক, আর ত্বং শব্দও স্বীয় অর্থ ত্যাগ করিয়া তৎশব্দের অর্থ লক্ষ্য করুক, তাহা হইলে আর জহল্লক্ষণা অসঙ্গত হইবে না।

এ কথাও অযুক্ত। মনে কর, পূর্ব্বোক্ত বাক্যে তীর শব্দের উল্লেখ নাই, অথচ তাহার জ্ঞান হওয়া আবশ্যক; সুতরাং সেখানে জহল্লক্ষণাটী যুক্তিসিদ্ধ হইয়াছে; কিন্তু তত্ত্বমসি বাক্যে তৎ ও ত্বং উভয় শব্দেরই উল্লেখ আছে, তাহার দ্বারাই চৈতন্য রূপ অর্থের প্রতীতি হয়; সুতরাং তাহাতে লক্ষণা করিবার অপেক্ষা থাকে না। (বিনা লক্ষণায় অর্থ প্রতীতি হইলে লক্ষণা করিবার বুদ্ধি হইবে কেন?)

ভাল, 'একটা রক্তবর্ণ যাইতেছে' এই বাকের ন্যায় অজহৎ-স্বার্থ লক্ষণা হউক? না—তাহাও সঙ্গত নহে। মনে কর, রক্ত বর্ণের গমন নিতান্ত বিরুদ্ধ বলিয়া রক্তবর্ণ শব্দের প্রকৃত অর্থ বজায় রাখিয়া বিরোধ পরিহারের নিমিত্ত রক্তবর্ণের আধাব কোন জীবকে লক্ষণা করা যাইতে পারে; কিন্তু তত্ত্বমসি বাক্যে পরোক্ষ ও অপরোক্ষবোধক বিরুদ্ধ অংশ পরিত্যাগ করিয়া, লক্ষণার দ্বারা তৎসম্বন্ধে অন্য যে কোন অর্থের লক্ষ্য করিলেও কোন ক্রমেই বিরোধ নিবারণ হয় না। সুতরাং অজহৎলক্ষণাও সম্ভব হয় না (ন+জহৎ=ত্যাগ+লক্ষণা=স্বার্থ বজায় রাখিয়া তৎসংক্রান্ত পদার্থ বোধ করার নাম অজহৎস্বার্থ লক্ষণা)।

আচ্ছা, আর এক প্রকার ভাগলক্ষণা স্বীকার কর? কি প্রকার?—'তৎ' কিংবা 'ত্বং' এই দুয়ের যেটী ইচ্ছা সেইটীর

বিরুদ্ধ অর্থাংশ পরিত্যাগপূর্ব্বক অবিরুদ্ধ অর্থাংশ লইয়া তাহার সহিত অন্যটীর বাচ্যার্থ লক্ষ্য কর।

উত্তর এই যে, বিরুদ্ধতা দোষ না থাকিলেও ওরূপ ভাগ লক্ষণা স্বীকার করা যায় না। কেন-না, এক শব্দের দ্বারা, স্বীয় অবিরুদ্ধ অর্থাংশ আর অন্য এক অশ্রুত পদার্থ, এই দ্বিবিধ অর্থের জ্ঞান হওয়ার সম্ভাবনা নাই। অপিচ, তৎশব্দে, কিংবা ত্বং শব্দে, যে শব্দে ইচ্ছা সেই শব্দে উক্তরূপ লক্ষণা স্বীকার করিতে পার না। কারণ অবশিষ্ট শব্দের দ্বারা বিনা লক্ষণায় তাদৃশ অর্থের প্রতীতি হইয়া পড়ে। যে অর্থ বিনা লক্ষণায় উপস্থিত হয়, সে অর্থের জন্য পুনর্ব্বার লক্ষণা করা নিষ্প্রয়োজন। অতএব "সেই দেবদত্ত এই" এই বাক্য যেমন তাহার তৎকাল বিশিষ্ট দেবদত্ত আর এতৎকালবর্ত্তী দেবদত্ত এতদ্রূপ অর্থের তৎকাল ও এতৎকাল এই দুইয়ের ঐক্য জ্ঞান বিরুদ্ধ বলিয়া, মাত্র ঐ দুই ভাগ পরিত্যাগ করিলেই অবিরুদ্ধ দেবদত্ত রূপ অর্থাংশকে বোধ করায়, সেইরূপ তত্ত্বমসি বাক্যেও অপরোক্ষত্বাদিবিশিষ্ট ও পরোক্ষত্বাদিবিশিষ্ট-চৈতন্যরূপ অর্থের ঐক্য (অভিন্ন) জ্ঞান করা বিরুদ্ধ বলিয়া সেই বিরুদ্ধ অংশ অর্থাৎ পরোক্ষত্বাপরোক্ষত্ব অংশ পরিত্যাগ করিয়া কেবল মাত্র এক অদ্বিতীয় চৈতন্য মাত্র বোধ করায়।

(উক্তরূপে ভেদ বুদ্ধি নিবৃত্ত হইলে পর, জীবের আমি মনুষ্য, আমি জীব, আমি স্থূল, আমি কৃশ ইত্যাদি প্রকার অনুভব নিবৃত্ত হয়। জীব তখন "আমিই ব্রহ্ম" এইরূপ অনুভব করে।) "আমিই ব্রহ্ম" এই অনুভব বাক্যের তাদৃশ প্রকারের অর্থ যেরূপ নিষ্পন্ন হয় তাহা বর্ণনা করিতেছি।

আচার্য্য কর্ত্তৃক পূর্ব্বোক্ত প্রকারে অধ্যারোপ ও অপবাদ যুক্তি দ্বারা তৎশব্দ ও ত্বং শব্দের অর্থের সংশোধন অর্থাৎ ব্রহ্ম ও জীব এই দুয়ের যথার্থ স্বরূপ পূর্ব্বোক্ত প্রকারে অবগত হইয়া, পরে গুরূপদিষ্ট "তৎ ত্বং অসি" বাক্যের দ্বারা এতদুভয়ের একতা বা অখণ্ড ভাব প্রতীত হইলে, পূর্ব্বে যে আপনাকে জীব ভাবিত, তাহার তখন "আমি নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত, সৎস্বরূপ, পরমানন্দস্বরূপ, অদ্বিতীয়, ব্রহ্ম" এইরূপ অখণ্ড চিত্তবৃত্তি উদয় হয়। সেই চিত্তবৃত্তি তখন চৈতন্য প্রতিবিম্বিত হইয়া প্রত্যেক চৈতন্য হইতে অভিন্ন অজ্ঞাত ব্রহ্মকে বিষয় করিয়া তদ্গত অজ্ঞানকে নষ্ট করে। (অর্থাৎ পূর্ব্বে যে ব্রহ্মবিষয়ক অজ্ঞান ছিল, তাহা নষ্ট হয় অর্থাৎ জীবভাব নষ্ট হইয়া ব্রহ্মভাবে অবস্থান করে।) তৎকালে যেমন বস্ত্রের কারণীভূত সূত্র সকল দগ্ধ হইলে তৎকার্য্যভূত বস্ত্রও নষ্ট হয়, সেইরূপ অজ্ঞান নষ্ট হইলেও তৎকার্য্যভূত সেই অখণ্ডাকার চিত্তবৃত্তিও নষ্ট হয়। দীপপ্রভা যেমন সূর্য্যপ্রভাকে প্রকাশ করিতে সমর্থ হয় না, প্রত্যুত সে আপনিই অভিভূত হইয়া বিনাশ প্রাপ্ত হয়, সেইরূপ চিত্তবৃত্তি, প্রতিবিম্বিত চৈতন্য বা আভাস-চৈতন্যও স্বপ্রকাশস্বরূপ উৎকৃষ্ট ব্রহ্ম চৈতন্যকে প্রকাশ করিতে অসমর্থ হইয়া অভিভূত (বিনষ্ট) হয়। সুতরাং উপাধিস্বরূপ চিত্তবৃত্তির অভাবের পর ব্রহ্ম মাত্র থাকে। ইহার লৌকিক দৃষ্টান্ত এই যে, যেমন দর্পণের অভাবে মুখপ্রতিবিম্বটী মুখমাত্রে পর্য্যবসিত হয়, অর্থাৎ মুখমাত্র থাকে, সেইরূপ। (এই প্রণালীতে তত্ত্বজ্ঞদিগের "আমিই ব্রহ্ম" ইত্যাদি অনুভব হইয়া থাকে।)

এইরূপ সিদ্ধান্ত হওয়াতে "তাঁহাকে মনের দ্বারাই অনুভব

করিবেক” এবং “মন যাহাকে মনন (প্রকাশ) করিতে পারে না” এই দুই শ্রুতির বিরোধ ভঞ্জন হইল। কেন-না, মনো বৃত্তির দ্বারা ব্রহ্ম-বিষয়ক অজ্ঞানটী নাশ হয় মাত্র, ব্রহ্ম প্রকাশিত হয় না। বৃত্তিপ্রতিফলিত চৈতন্য অর্থাৎ আভাস-চৈতন্য তাঁহাকে প্রকাশ করিতে অসমর্থ হয় (সুতরাং মনের দ্বারা দর্শন হয়, ও মন দর্শন করিতে অসমর্থ এই দুই পক্ষই যথার্থ)। বৈদান্তিকেরা বলিয়া থাকেন যে, “শাস্ত্রকর্ত্তারা বৃত্তি প্রতিবিম্বিত চৈতন্যের দ্বারা পরব্রহ্মের প্রকাশ হওয়া পক্ষ নিরাকরণ করিয়াছেন। কেন-না, সেই আভাস-চৈতন্য স্বপ্রকাশ চৈতন্যকে প্রকাশ করিতে পারে না। কেবল ব্রহ্ম বিষয়ক অজ্ঞান নাশের নিমিত্তই বৃত্তি গ্রাহ্যতা মাত্রের অপেক্ষা আছে (অর্থাৎ ব্রহ্মাকার মনো-বৃত্তি উদিত হইয়া কেবল তদ্গত অজ্ঞানকেই নাশ করে, ব্রহ্মকে প্রকাশ করে না—ব্রহ্ম আপনিই প্রকাশিত হন, যেহেতু তিনি স্বয়ং প্রকাশ স্বভাব।)

(লৌকিক ঘট পটাদি জড় পদার্থের জ্ঞান, আর অখণ্ড বা পরিপূর্ণ স্বভাব ব্রহ্মের জ্ঞান, এই দুয়ের মধ্যে বিশেষ বৈলক্ষণ্য আছে।) ঘটপটাদির জড় পদার্থাকার মনোবৃত্তির স্বভাব এই যে, “এই ঘট” কিংবা “এই পট” ইত্যাকার মনোবৃত্তি উদিত হইবা মাত্র তাহা অজ্ঞাত ঘট বা অজ্ঞাত পটকে বিষয় করিয়া (অর্থাৎ ব্যাপিয়া) প্রথমে ঘটের বা পটের অজ্ঞানতা দূর করে, অর্থাৎ তদ্গত অজ্ঞানকে নাশ করে, পশ্চাৎ স্বপ্রতিবিম্বিত চৈতন্যের দ্বারা সেই অপ্রকাশ স্বভাব ঘট বা পটকে প্রকাশ করে। শাস্ত্রে এইরূপ সিদ্ধান্তই উক্ত আছে। যথাঃ—‘অন্তঃকরণবৃত্তি আর তৎস্থ আভাস-চৈতন্য অর্থাৎ সেই মনোবৃত্তি-প্রতিবিম্বিত

চৈতন্য, এই উভয়ই ইন্দ্রিয়সংযুক্ত ঘটকে ব্যাপে, অর্থাৎ বিশেষরূপে প্রাপ্ত হয়। তন্মধ্যে অন্তঃকরণ বৃত্তির দ্বারা ঘটের অজ্ঞানতা নষ্ট হয়, আর সেই আভাস-চৈতন্যের দ্বারা ঘটের স্ফূর্ত্তি অর্থাৎ প্রকাশ হয়।' দীপপ্রভামণ্ডল যেমন অন্ধকারস্থ ঘট পটাদি পদার্থকে বিষয় করিয়া (প্রাপ্ত হইয়া) তদ্গত অন্ধকার নষ্ট করতঃ স্বকীয় প্রভার দ্বারা প্রকাশ করে, সেইরূপ অন্তঃ-করণবৃত্তিও স্বয়ং ঘটাদিগত অজ্ঞানকে নষ্ট করতঃ স্বপ্রতিবিম্বিত চৈতন্যের দ্বারা ঘটাদি বস্তুকে প্রকাশ করে।

যাবৎ না উল্লিখিত প্রকারে স্বরূপ চৈতন্যের সাক্ষাৎকার হয়, সে পর্য্যন্ত শ্রবণ, মনন, নিদিধ্যাসন ও সমাধির অনুষ্ঠান করা আবশ্যক। (তাদৃশ পরমাত্মচৈতন্য সাক্ষাৎকার, স্বতঃ বা সহজে হয় না, শ্রবণাদি চতুষ্টয়ের অভ্যাস দ্বারাই হয়।) এ জন্য সে গুলিই প্রদর্শিত হইতেছে।

শ্রবণ।—গুরুমুখের কথা বা বেদান্তশাস্ত্রের কথা কর্ণকুহরে স্থান দিলেই শ্রবণ করা হয় না। (তবে কি ?) তাৎপর্য্য নিশ্চায়ক ছয় প্রকার বোধক নিয়মের দ্বারা অদ্বিতীয় ব্রহ্মরূপ বস্তুতে তাৎপর্য্য অবধারণ করার নাম শ্রবণ।

ছয় প্রকার লিঙ্গ অর্থাৎ জ্ঞাপক নিয়ম কি কি ?

উপক্রম বা উপসংহার, অভ্যাস, অপূর্ব্বতা, ফল, অপবাদ এবং উপপত্তি। শাস্ত্রকারেরা বলিয়াছেন যে, এই ছয় প্রকারের দ্বারাই শাস্ত্রের যথার্থ তাৎপর্য্য জানা যায়। (সুতরাং শাস্ত্রাক্ষর পাঠ করিয়া, অক্ষরার্থ সকল জ্ঞাত হইয়া, উল্লিখিত ছয় প্রকারের আলোচনা করিয়া, একত্রিত সমুদায়ের তাৎপর্য্য কি ? অর্থাৎ ফলিতার্থ কি ? তাহা অবধারণ করিতে পারিলেই যথার্থ শুনা

হয়, শুনিবার ফলও হয়; নচেৎ কর্ণপ্রবিষ্ট শব্দ কর্ণেই লীন হয় মাত্র।)

উপক্রম ও উপহার।—(শাস্ত্রকারদিগের নিয়মই এই যে, তাঁহারা যে প্রকরণে (বিভাগে) বা যে শাস্ত্রে যে বস্তুর উপদেশ দেন, প্রারম্ভে তাহারই উল্লেখ এবং সমাপ্তিতেও তাহার উল্লেখ করিয়া থাকেন। সুতরাং শাস্ত্রের বা প্রকরণের আরম্ভ ও সমাপ্তি পর্য্যালোচনা করিলেই তাহার প্রতিপাদ্য বস্তু জানা যায়। যেমন ছান্দোগ্য উপনিষদের ষষ্ঠ অধ্যায়ের প্রারম্ভে 'একই অদ্বিতীয় ব্রহ্ম' এবং সমাপ্তিতেও 'এ সমস্তই আত্মায় ভাসমান' এইরূপ উক্তি আছে। সুতরাং বুঝা গেল যে, এক অদ্বিতীয় পরমাত্মাই সমগ্র ষষ্ঠ অধ্যায়ের তাৎপর্য্য।

অভ্যাস।—বার বার বলার নাম অভ্যাস। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদিত হইবে, সেই প্রকরণের মধ্যে বার বার সেই প্রতিপাদ্য বস্তু প্রতিপন্ন করা। (ইহাও শাস্ত্রকারগণের লিপি রীতি।) উক্ত উপনিষদের উক্ত অধ্যায়ে 'তত্ত্বমসি' এই বাক্যের দ্বারা নয় বার অদ্বিতীয় ব্রহ্ম বস্তুর প্রতিপাদন করা আছে।

অপূর্ব্বতা।—(নূতনত্ব) যাহা অন্য কোন প্রমাণে জ্ঞাত হওয়া যায় নাই, তাহার উপদেশ। অর্থাৎ যাহা যে প্রকরণের প্রতিপাদ্য, তাহা প্রমাণান্তরের অবিষয় রূপে প্রতিপন্ন করা। যথাঃ— উক্ত উপনিষদের উক্ত অধ্যায়ে ব্রহ্মের উপনিষন্মাত্র গম্যতা। (উপনিষদ্ ভিন্ন অন্য প্রমাণের অর্থাৎ প্রত্যক্ষাদি প্রমাণের অগোচর বলিয়া) প্রদর্শিত হইয়াছে।

ফল।—প্রকরণ প্রতিপাদ্যের কিংবা তৎসাধন অনুষ্ঠানের প্রয়োজন বর্ণনা। উক্ত উপনিষদের উক্তাধ্যায়েও "আচার্য্যবান্

ব্যক্তিই ব্রহ্মকে জানিতে পারেন, অন্যে পারেন না। তাহার ব্রহ্মজ্ঞানীর মুক্তি হইতে সেই পর্য্যন্ত বিলম্ব, যে পর্য্যন্ত না দেহ পাত হয়। দেহ পাত হইলেই ব্রহ্মভাব প্রাপ্ত হয়।" ইত্যাদি প্রকারে ব্রহ্মজ্ঞানের ব্রহ্মলাভরূপ ফল বা প্রয়োজন উক্ত হইয়াছে।

অর্থবাদ।—প্রতিপাদ্য বস্তুর প্রশংসা। উক্ত উপনিষদের উক্ত অধ্যায়ে প্রতিপাদ্য অদ্বিতীয় ব্রহ্মকে গুরু এইরূপে প্রশংসা করিয়াছেন যে, "যাহাকে শুনিলে অশ্রুত বস্তুরও শ্রবণ সিদ্ধ হয়, যাহা কখন মনে হয় নাই তাহাও মনে হয়, অজ্ঞাত পদার্থের জ্ঞান হয়।" ইত্যাদি।

উপপত্তি।—অনুকূল যুক্তি। প্রকরণ প্রতিপাদ্য বস্তু প্রতিপন্ন করিবার জন্য শাস্ত্রানুযায়ী যুক্তি প্রদর্শন। উক্ত গ্রন্থেও "হে মনোজ্ঞ শ্বেতকেতু! যেমন মৃত্তিকাপিণ্ডের জ্ঞান হইলে তদ্বিকার সমস্ত মৃৎপাত্র জানা হয় এবং ঘট, কলস, শরাব প্রভৃতি মৃৎপাত্র সমূহের নাম গুলি কেবল নাম মাত্র অর্থাৎ মিথ্যা, মৃত্তিকাই সে সকলের সত্য। ইত্যাদি প্রকারে অদ্বৈত বস্তু বুঝাইবার উপযোগী বিকারের অনিত্যতা প্রভৃতি যুক্তি সকল প্রদর্শিত হইয়াছে। (এবম্প্রকারে শাস্ত্রার্থ অবধারণ করার নাম শ্রবণ, কেবল কর্ণপাত করা শ্রবণ নহে।)

মনন কি ?

অদ্বৈত প্রতিপত্তির (জ্ঞানের) অবিরোধী যুক্তি অবলম্বন করিয়া সর্ব্বদা অদ্বিতীয় ব্রহ্মরূপ বস্তুর চিন্তা করার নাম মনন।

নিদিধ্যাসন কি ?

মধ্যে দেহাদি জড় পদার্থ বিষয়ক, বিজাতীয় প্রত্যয় উপস্থিত

না হয়, এরূপ সুনিয়মে অদ্বিতীয় জাতীয় প্রত্যয় জ্ঞান ধারণার নাম নিদিধ্যাসন। অর্থাৎ অবিচ্ছেদে ধ্যান।

সমাধি।—সমাধি অর্থাৎ তীব্র একাগ্রতা। ইহা দুই প্রকার। প্রথম সবিকল্প, দ্বিতীয় নির্ব্বিকল্প। সবিকল্প সমাধিতে জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয় বিষয়ক জ্ঞানের লয় হওয়ার অপেক্ষা নাই। ঐ তিন জ্ঞান সত্ত্বেও ব্রহ্মাকার চিত্তবৃত্তি বিরাজ করিতে থাকে। যেমন মৃণ্ময় হস্তীতে হস্তিজ্ঞান সত্ত্বেও মৃত্তিকা জ্ঞান থাকে, সেইরূপ, দ্বৈতজ্ঞান সত্ত্বেও অদ্বৈত জ্ঞান হইয়া থাকে, ইহা পণ্ডিতগণ বলিয়াছেন। যথাঃ—"সর্ব্ব বস্তুর সাক্ষাৎ দ্রষ্টা অর্থাৎ সাক্ষী, সর্ব্বব্যাপক, সর্ব্বোৎকৃষ্ট, প্রকাশ স্বভাব, উৎপত্তি রহিত, বিনাশ বর্জ্জিত, অলিপ্ত অথচ সর্ব্বত্র বিরাজিত, সর্ব্ব কালেই বিমুক্তস্বভাব যে উৎকৃষ্ট চৈতন্য, তাহাই আমি।"

নির্ব্বিকল্প সমাধিতে জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয়, এই বিকল্প ত্রয়ের লয় হওয়ার অপেক্ষা থাকে। অর্থাৎ উক্ত বিকল্প ত্রয়ের জ্ঞান অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে লীন হইয়া (একীভূত হইয়া) যায়; সুতরাং একটী মাত্র অখণ্ডাকার মনোবৃত্তি অবশিষ্ট থাকে। জলবিহীন লবণ, জলাকার প্রাপ্ত হইলে লবণ-জ্ঞানের লয় হেতু যেমন কেবল জল-জ্ঞানই বর্ত্তমান থাকে, সেইরূপ ব্রহ্মাকার চিত্তবৃত্তির (জ্ঞানের) বিলয় হেতু ব্রহ্ম মাত্রই বর্ত্তমান থাকে। এতদ্রূপ সমাধির লক্ষণ নির্দ্ধারিত হওয়াতে সুষুপ্তির সহিত সমাধির অভেদের আশঙ্কা থাকিল না। সুষুপ্তি ও সমাধি উভয় অবস্থাতেই বৃত্তি বিষয়ক জ্ঞান থাকে না সত্য, কিন্তু সুষুপ্তিতে বৃত্তি থাকে, সমাধিতে তাহা থাকে না, সুতরাং সুষুপ্তি ও সমাধি সমান নহে।

এবম্প্রকার নির্ব্বিকল্প সমাধির আটটী অঙ্গ অর্থাৎ সাধন আছে। যথাঃ—যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সবিকল্পসমাধি। (এই আট অঙ্গ আয়ত্ত হইলে উক্ত প্রকারের নির্ব্বিকল্পক সমাধি সিদ্ধ হয় সুতরাং উহারা অঙ্গ বলিয়া গণ্য।)

যম।—অহিংসা, সত্য, অদত্ত-পরদ্রব্য গ্রহণ না করা, ব্রহ্মচর্য্য অর্থাৎ কার্য্যতঃ ও অভিলাষতঃ মৈথুন পরিত্যাগ করা এবং অসৎ পরিগ্রহ বর্জ্জন করা, এই পাঁচ প্রকার কার্য্যের নাম "যম।"

নিয়ম।—শুচি, সন্তোষ, তপস্যা, শাস্ত্রাধ্যয়ন এবং ঈশ্বর-ভক্তি, এই পাঁচ প্রকারকে "নিয়ম" বলে।

আসন।—শরীর ও মনের স্থিরতাকারক উপবেশন বিশেষকে আসন বলে। এই আসন স্বস্তিক, পদ্ম প্রভৃতি দ্বাত্রিংশৎ প্রকারে বিভক্ত।

প্রাণায়াম।—প্রাণ বায়ুকে স্বায়ত্ত করণ। ইহা রেচক, পূরক ও কুম্ভক নামক ক্রিয়ার অভ্যাসের দ্বারা সাধিত হইয়া থাকে।

প্রত্যাহার।—শ্রোত্রাদি ইন্দ্রিয় শব্দস্পর্শাদি বাহ্য বিষয় হইতে প্রত্যাবৃত্ত করা।

ধারণা।—অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে অন্তঃকরণকে স্থাপিত করা।

ধ্যান।—অদ্বিতীয় বস্তুতে মনোবৃত্তির প্রবাহ উৎপাদন করা।

সবিকল্পসমাধি।—সবিকল্প-সমাধি কি? তাহা ইতিপূর্ব্বে বলা হইয়াছে।

এই অষ্টাঙ্গক নির্ব্বিকল্প সমাধির চারি প্রকার বিঘ্ন আছে। কি কি? না লয়, বিক্ষেপ, কষায় এবং রসাস্বাদন।

লয়।—তুমি সমাধি-চিকীর্ষায় উপবিষ্ট হইলে; কিন্তু তোমার

মন অখণ্ড ব্রহ্ম বস্তু অবলম্বনে অসমর্থ হইয়া ক্রমে নিদ্রিত হইল। এইরূপ বিঘ্ন হইলে তাহাকে "লয়" বলে।

বিক্ষেপ।—সমাধি-চিকীর্ষায় বসিলে, কিন্তু তোমার চিত্ত সেই অখণ্ড ব্রহ্ম বস্তু অবলম্বন করিতে না পারিয়া অন্য এক বস্তু অবলম্বন করিয়া বসিল। এরূপ হইলে তাহার নাম "বিক্ষেপ।"

কষায়।—সমাধি-চিকীর্ষায় বসিলে; লয় বা বিক্ষেপও হইল না, কিন্তু রাগাদি বাসনায় অভিভূত হইয়া মন স্তব্ধতা প্রাপ্ত হইল, অদ্বিতীয় ব্রহ্ম বস্তু অবলম্বন করিতে পারিল না; না এদিক্ না ওদিক্ কিছুই করিল না। এরূপ হইলে তাহাকে "কষায়" বলা যায়।

রসাস্বাদন।—নির্ব্বিকল্প অর্থাৎ ব্রহ্মরূপ নির্ব্বিশেষ বস্তু অবলম্বন না করিতে করিতে চিত্তবৃত্তির সবিকল্পক আনন্দ অনুভব হওয়া। এরূপ হইলেও নির্ব্বিকল্প বিঘ্ন হয় এবং তাহার নাম "রসাস্বাদন" বিঘ্ন।

উল্লিখিত চারি প্রকার বিঘ্ন শূন্য হইয়া চিত্ত যখন নির্ব্বাতস্থ দীপশিখার ন্যায় নিশ্চল নিষ্কম্প হইয়া একমাত্র অখণ্ড চৈতন্য মাত্রের চিন্তা করিতে থাকে, তখন তাহা নির্ব্বিকল্প সমাধি নামের যোগ্য। এ বিষয়ে শ্রুতিবাক্য এই যে, "লয়রূপ বিঘ্ন উপস্থিত হইলে অন্তঃকরণকে উদ্বুদ্ধ করিবে। বিক্ষেপ উপস্থিত হইলে তাহাকে শান্ত করিবে অর্থাৎ বিক্ষিপ্ততা দূর করিবেক। কষায় রূপ বিঘ্ন উপস্থিত হইলে তাহা জ্ঞাত হইয়া কিয়ৎকাল নিবৃত্ত থাকিবেক। অখণ্ড ব্রহ্ম বস্তুতে একাগ্রতা জন্মিলে আর চালনা করিবেক না। সে সময়ে কোন সবিকল্পক আনন্দ অনুভবও করিবেক না, প্রজ্ঞার দ্বারা নিঃসঙ্গ হইবেক।" স্মৃতি-

তেও উক্ত হইয়াছে যে “নির্ব্বাতস্থ দীপ যেমন নিশ্চল হয়, সেই-রূপ হইবেক।”

এক্ষণে জীবন্মুক্তের লক্ষণ বলা যাউক। আত্মস্বরূপ অখণ্ড ব্রহ্মজ্ঞানের দ্বারা তদ্গত অজ্ঞানের বোধ (বিলয়) হইলে পর, স্বস্বরূপ অখণ্ড ব্রহ্মের সাক্ষাৎকারের প্রভাবে, অজ্ঞান ও অজ্ঞান কল্পিত পুণ্য, পাপ, সংশয় ও বিপর্য্যয় প্রভৃতির নিবৃত্তি হয়; সুতরাং সেই অবস্থাকে সমস্ত সংসার বন্ধন হইতে বিমুক্ত ও ব্রহ্মনিষ্ঠ বলা যায়; এবং জীবদ্দশায় মুক্ত বলিয়া জীবন্মুক্তও বলা যায়। শ্রুতিতে উক্ত হইয়াছে যে, “সেই সর্ব্বাত্মক পরব্রহ্মের সাক্ষাৎকার হইলে হৃদয়ের গ্রন্থি অর্থাৎ অন্তঃকরণনিষ্ঠ ভ্রম সকল নষ্ট হয়, সংশয় সকল ছিন্ন হয়; এবং সৎ ও অসৎ উভয়বিধ কর্ম্ম-ফল দগ্ধ হইয়া যায়।”

এই জীবন্মুক্ত ব্যক্তি জাগ্রৎ কালে বা অসমাহিত অবস্থায়, রক্ত মাংস বিষ্ঠা মূত্র প্রভৃতি বীভৎসতর মলের আধাররূপ শরীর, ও অন্ধতা, অক্ষমতা, অপটুতা প্রভৃতির আশ্রয় ইন্দ্রিয়, এবং ক্ষুধা, তৃষ্ণা, শোক, মোহাদির আকরস্বরূপ অন্তঃকরণদ্বারা জ্ঞানের অবিরোধে পূর্ব্বকৃত কর্ম্ম সকল (যাহার ভোগ আরম্ভ হইয়াছে) ভোগ করতঃ দৃশ্যমান জগৎ দেখিয়াও দেখেন না, অর্থাৎ অস্মদাদির ন্যায় সত্য জ্ঞান করেন না। যেমন ঐন্দ্রজালিক পদার্থের তত্ত্বজ্ঞ ব্যক্তি দৃশ্যমান ইন্দ্রজালকে দেখেন মাত্র, তাহার সত্যতা মনে করেন না, সেইরূপ। শ্রুতিতেও এইরূপ উক্ত আছে। যথাঃ—“জীবন্মুক্ত ব্যক্তি চক্ষু থাকিতেও অচক্ষু অর্থাৎ তাঁহার চক্ষু স্বসংযুক্ত দৃশ্যকে বস্তু বলিয়া গ্রহণ করেন না, এবং কর্ণ থাকিতেও কর্ণহীন, মন থাকিতেও অমনস্ক, প্রাণ সত্ত্বেও

নিপ্রাণ ইত্যাদি।" আচার্য্যেরা বলিয়াছেন যে, "যিনি জাগ্রদবস্থাতেও সুষুপ্তের ন্যায় থাকেন, ভিন্ন ভিন্ন দৃশ্যকেও যিনি অদ্বিতীয় দর্শন করেন, বাহ্য কর্ম্ম করিয়াও যিনি অন্তঃকরণে নিষ্কর্ম্ম (যিনি কেবল পূর্ব্বসংস্কারের বলে অভ্যস্তের ন্যায় কার্য্য করেন, অভিমান পূর্ব্বক করেন না) তিনিই আত্মজ্ঞ বা জীবন্মুক্ত, তদ্ভিন্ন ব্যক্তি জীবন্মুক্ত নহে, ইহা নিশ্চয়।"

এতাদৃশ ব্যক্তি পূর্ব্বে যে আহার বিহারাদি করিত, এক্ষণে কেবল তাহারই অনুবৃত্তি হইবে, ইচ্ছাপূর্ব্বক করিবেন না। (সুতরাং তাঁহার যথেচ্ছাচরণ হইবার সম্ভাবনাও নাই। কেননা, পূর্ব্বে তিনি শুভকর্ম্মের অভ্যাস ও অশুভ কর্ম্মের পরিত্যাগ করিয়া ছিলেন। কিংবা শুভ ও অশুভ উভয় কর্ম্মেই উদাসীন হইবেক। ইহার প্রমাণ এই যে, "অদ্বৈততত্ত্ব জ্ঞাত হইলে যদি যথেষ্টাচরণে প্রবৃত্তি হয়, তবে অশুচি ভক্ষণাদি বিষয়ে কুক্কুরাদির সহিত তত্ত্বজ্ঞানীর প্রভেদ কি? (অর্থাৎ যথেষ্টাচার ঘটনা হয় না) তত্ত্বজ্ঞান হইলে যাঁহার যথেষ্টাচরণ নিবৃত্ত হয়—তিনিই ব্রহ্মজ্ঞ, তিনিই আত্মজ্ঞ, অন্যে নহে।"

এ অবস্থাতেও অনভিমানিত্ব প্রভৃতি জ্ঞানসাধন সদ্গুণ সকল ও অহিংসাদি সদ্গুণ সকল অনুবর্ত্তিত হইয়া থাকে, (পূর্ব্বের অভ্যাসের বলে স্বতঃই উপস্থিত হয়, যত্নপূর্ব্বক করিতে হয় না।) এ কথা শাস্ত্রে উক্ত হইয়াছে, যথাঃ—"অদ্বেষ্টৃত্বাদি সদ্গুণ সকল অদ্বৈততত্ত্বজ্ঞানীর বিনা যত্নেই অনুবর্ত্তিত হইয়া থাকে।"

অধিক বলা বাহুল্য, সিদ্ধান্ত কথা এই যে, জীবন্মুক্ত পুরুষ মাত্র দেহযাত্রানির্ব্বাহের নিমিত্ত ইচ্ছা, অনিচ্ছা ও পরেচ্ছা এই তিন প্রকারে প্রাপ্ত সুখ দুঃখ রূপ প্রারব্ধ কর্ম্মের ফল সকল

আভাসরূপে অনুভব করতঃ অন্তঃকরণাদির প্রকাশক চিন্মাত্রস্থ হইয়া থাকেন। প্রারব্ধ কর্ম্মের অবসানে অর্থাৎ ভোগ দ্বারা কর্ম্মফল সকল ক্ষয় প্রাপ্ত হইলে তাঁহার প্রাণ প্রত্যেক্ চৈতন্যে লীন হয়, সুতরাং অজ্ঞান ও তৎকার্য্যসংস্কার সকলও বিনষ্ট হইয়া যায়। তখন তিনি পরম কৈবল্য রূপ (কেবল+যৎ=সর্ব্ব প্রকার ইতর বিশেষ জ্ঞান শূন্য) পরম আনন্দ, পরিপূর্ণ, অদ্বৈত অর্থাৎ সর্ব্ব প্রকার ভেদ শূন্য, অখণ্ড ব্রহ্মরূপে অর্থাৎ সৈন্ধবপিণ্ড-বৎ এক রস ব্রহ্মরূপে অবস্থান করেন। শ্রুতিতে উক্ত হইয়াছে যে, "দেহাবসানে জীবন্মুক্ত পুরুষের প্রাণ সকল লোকান্তর গমন করে না, ব্রহ্মেতেই লীন হয়। সুতরাং তিনি সংসার-বন্ধন হইতে বিমুক্ত হইয়া পরম ব্রহ্ম কৈবল্য প্রাপ্ত হন।"

সম্পূর্ণ।